অর্থ ঃ ১) আপনি কি ঐ ব্যক্তিকে দেখেছেন, যে ব্যক্তি বিচারের দিনকে (প্রতিফল দিবসকে) মিথ্যা সাব্যস্ত করে? ২) এতো সেই ব্যক্তি যে ইয়াতীমকে ধাক্কা দেয়। ৩) এবং দরিদ্রদেরকে খাদ্য দানের ব্যাপারে উৎসাহিত করে না। ৪) (এতএব) ঐ সব নামাজীদের ধ্বংস। ৫) যারা নামাজের ব্যাপারে উদাসীন। ৬) যারা লোক দেখানোর কাজ করে। ৭) আর সাধারণ প্রয়োজনের জিনিস, মানুষকে দিতে নিষেধ করে থাকে।

সূরাতুল কাউছার (অর্থ: নহর)। بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ ـ

অর্থ ঃ ১) (হে নাবী) আমি আপনাকে 'কাওসার' দান করেছি। ২) অতএব, আপনি আপনার রবের জন্যে নামাজ (সলাত) পড়ুন এবং কুরবানী করুন। ৩) নিশ্চয়ই আপনার শত্রুই, শিকড়-কাটা নির্মূল।

তোমরা ইবাদাত কর যার আমি ইবাদাত করি না কাফিররা হে বলুন

وَلَآ اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ ۝٣ وَلَآ اَنَا عَابِدٌ

ইবাদাতকারী আমি না এবং আমি ইবাদাত করি যার ইবাদাতকারী তোমরা না এবং

مَّا عَبَدْتُّمْ ۝٤ وَلَآ اَنْتُمْ عٰبِدُوْنَ مَآ اَعْبُدُ ۝٥

আমি ইবাদাত করি যার ইবাদাতকারী তোমরা না আর তোমরা ইবাদাত কর যা

لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ ۝٦

ধর্ম (দ্বীন) আমার জন্যে এবং তোমাদের ধর্ম (দ্বীন) তোমাদের জন্যে

অর্থ ঃ ১) (হে নাবী) বলুন, হে কাফিররা ২) আমি তার ইবাদাত করি না, যার ইবাদাত তোমরা কর। ৩) আর তোমরা তার ইবাদাত কর না, যার ইবাদাত আমি করি। ৪) আমি ইবাদাত কারী নই, তোমরা যার ইবাদাত কর। ৫) তোমরা ইবাদাত কর না, যার ইবাদাত আমি করি। ৬) তোমাদের ধর্ম, তোমাদের জন্যে, আমার ধর্ম আমার জন্যে।

সূরাতুল নাছর (অর্থঃ সাহায্য) . بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اِذَا جَآءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ ۝١ وَرَاَيْتَ النَّاسَ

মানুষদেরকে আপনি দেখবেন এবং বিজয় (তখন হয়) এবং আল্লাহর সাহায্য আসবে যখন

يَدْخُلُوْنَ فِيْ دِيْنِ اللّٰهِ اَفْوَاجًا ۝٢ فَسَبِّحْ بِحَمْدِ

প্রশংসার সাথে আপনি তাসবীহ পাঠ করবেন অতঃপর দলে দলে আল্লাহর ধর্মের মধ্যে প্রবেশ করবে

رَبِّكَ وَاسْتَغْفِرْهُ ؕ اِنَّهٗ كَانَ تَوَّابًا ۝٣

তাওবা গ্রহণকারী হলেন তিনি নিশ্চয়ই তাঁর (নিকট) ক্ষমা চান এবং আপনার রবের

অর্থ ঃ ১) যখন আল্লাহর সাহায্য আসবে, (এবং) তখন বিজয় লাভ হবে। ২) আর আপনি দেখতে পাবেন, দলে দলে মানুষ আল্লাহর ধর্মে প্রবেশ করছে। ৩) তখন আপনি আপনার রবের প্রশংসার সাথে তাসবীহ পাঠ করবেন, এবং তাঁর নিকট ক্ষমা প্রার্থনা করবেন। নিঃসন্দেহে তিনি তাওবা গ্রহণকারী।

সূরাতুল লাহাব (অর্থঃ জলন্ত অঙ্গার) بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۔

অর্থ ঃ ১) ধ্বংস হোক আবি লাহাবের দুটি হাত এবং সে নিজেও ধ্বংস হোক। ২) সে যে সব ধন-সম্পদ অর্জন করেছে, তা তার কোন কাজে আসবে না। ৩) অচিরেই শিখা যুক্ত আগুনে সে প্রবেশ করবে। ৪) এবং তার স্ত্রীও জ্বালানী কাঠ বহনকারিণী (কুটনীবুড়ী)। ৫) তার গলায় শক্ত পাকানো রশি বাঁধা থাকবে।

সূরাতুল ইখ্‌লাছ্ (অর্থঃ একত্ব) بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۔

অর্থ ঃ ১) (হে নাবী) আপনি বলুন তিনি আল্লাহ এক। ২) আল্লাহ কারো মুখাপেক্ষী নন্। ৩) কখনও তিনি জন্ম দেন নি এবং তিনি কখনও জন্ম নেন নি। ৪) এবং কখনও কেহই তাঁর সমকক্ষ নয়।

সূরা ইখলাস এর ফযিলতঃ

হযরত আবু হোরাইরা (রা.) বর্ণনা করেন, একবার রসূল (সা.) বললেন, তোমরা সবাই একত্রিত হয়ে যাও। আমি তোমাদেরকে কুরআনের তিনভাগের একভাগ শুনাব। অতঃপর যাদের পক্ষে সম্ভব ছিল তারা একত্রিত হয়ে গেল, তখন রসূল (সা.) আগমন করলেন এবং সূরা ইখলাস তিলাওয়াত করে শুনালেন। তিনি আরও বললেন, এ সূরাটি কুরআনের এক-তৃতীয়াংশের সমান। (মুসলিম ও তিরমিজী)

অর্থ ঃ ১) (হে নাবী) আপনি বলুন, আমি সকাল বেলার স্রষ্টার কাছে আশ্রয় গ্রহণ করছি। ২) তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট হতে। ৩) অন্ধকার রাত্রির অনিষ্ট হতে, যখন তা আচ্ছন্ন করে। ৪) এবং গিরায় ফুঁক দানকারিণী নারীদের অনিষ্ট হতে। ৫) এবং হিংসুকের অনিষ্ট হতে, যখন সে হিংসা করে।

সূরাতুন নাস (অর্থঃ মানুষ) بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

অর্থ ঃ ১) (হে নাবী) আপনি বলুন, আমি মানুষের পালন কর্তার কাছে, আশ্রয় গ্রহণ করছি ২) মানুষের মালিকের নিকট ৩) মানুষের উপাস্যের নিকট ৪) আত্মগোপনকারী শয়তানের কুমন্ত্রণা হতে ৫) যে মানুষের অন্তরে কুমন্ত্রণা প্রদান করে ৬) জ্বিন এবং মানুষ জাতির মধ্য থেকে।

রুকু সাজদার তাস্‌বীহ্

রুকুতে বিলম্ব করা ওয়াজিব, তাস্‌বীহ্ পাঠ করা সুন্নাত, ৩/৫/৭বার পড়া যাবে।

অর্থ ঃ আমার সুমহান প্রতিপালকের পবিত্রতা ঘোষণা করছি।

রুকু থেকে দাড়াবার সময় এ তাসবীহ্ পড়া সুন্নাত, সোজা হয়ে খাড়া হওয়া ও বিলম্ব করা ওয়াজিব।

অর্থ ঃ আল্লাহ শুনেন, যিনি তাঁর প্রশংসা করেন।

সোজা হয়ে দাঁড়িয়ে পড়ার তাহ্‌মীদ

অর্থ ঃ হে আমাদের প্রতিপালক, সমস্ত প্রশংসা আপনার জন্যে। অধিক প্রশংসা পবিত্রতা বরকত (এই নামের) এর মধ্যে রয়েছে।

সাজদার তাসবীহ্

দুই সাজদাহ করা ফরজ, সাজদাতে বিলম্ব করা ওয়াজিব, এ তাসবীহ ৩/৫/৭ বার পড়া সুন্নাত।

অর্থ ঃ আমাদের সর্ব উচ্চ প্রতিপালকের পবিত্রতা ঘোষণা করছি।

দুই সাজদার মাঝে সোজা হয়ে বসা ও বিলম্ব করা ওয়াজিব এবং এ তাসবীহ্ পড়া সুন্নাত

অর্থ ঃ হে আল্লাহ আমাকে মাফ করুন, আমাকে অনুগ্রহ করুন, আমাকে হিদায়াত দান করুন, আমাকে রিজিক দান করুন, আমাকে সুস্থতা দান করুন।

তাশাহুদ (অর্থঃ সাক্ষ্যদান)

নামাযের মধ্য বৈঠক ও শেষ বৈঠকে তাশাহুদ পড়া ওয়াজিব।

পবিত্রতা সমস্ত এবং ইবাদাত সমস্ত এবং আল্লাহর জন্য তাজ্বীম সমস্ত

তার বরকত এবং আল্লাহর রহমাত এবং নাবী হে আপনার উপর শান্তি সমস্ত

اَلسَّلَامُ عَلَيْنَا وَ عَلٰى عِبَادِ اللّٰهِ الصَّالِحِيْنَ ③

নেককার/সৎ আল্লাহর বান্দার উপর এবং আমাদের উপর শান্তি সমস্ত

যে আমি সাক্ষ্য দিচ্ছি আরো আল্লাহ ব্যতীত কোন উপাস্য নেই যে আমি সাক্ষ্য দিচ্ছি

مُحَمَّدًا عَبْدُهٗ وَ رَسُوْلُهٗ ④

তাঁর রসূল এবং তাঁর বান্দা মুহাম্মাদ (সাঃ)

অর্থ ঃ ১। সমস্ত তাজ্বীম, সমস্ত পবিত্রতা এবং সমস্ত ইবাদাত আল্লাহর জন্যে ২। হে নাবী সমস্ত শান্তি রহমাত ও বরকত আপনার উপর বর্ষিত হোক ৩। শান্তি বর্ষিত হোক আমাদের উপর এবং সমস্ত নেককার বান্দাদের উপর ৪। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন উপাস্য নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ (সাঃ) আল্লাহর বান্দা ও রসূল।

নামাজের বৈঠকের সুন্নাৎ

(১) ডান পা খাড়া রেখে বাম পা বিছিয়ে বসা এবং আংগুল কিবলার দিকে রাখা।

(২) দুই হাত রানের উপরে রাখা।

(৩) তাশাহুদের ভেতরে اَشْهَدُ اَنْ لَّآ اِلٰهَ বলার সময় শাহাদাত আঙ্গুল ওঠানো এবং اِلَّا اللّٰهُ শুরুতে নামানো।

দরূদে ইব্রাহীম (নাবী ও নাবীর পরিবারের উপর দু'য়া)

অর্থ ঃ ১। হে আল্লাহ আপনি শান্তি বর্ষণ করুন মুহাম্মাদ (সাঃ) এর উপর এবং তাঁর পরিবারবর্গের উপর, যেমনিভাবে আপনি শান্তি বর্ষণ করেছেন, ইব্রাহীম (আঃ) এবং তাঁর পরিবারবর্গের উপর। ২। নিশ্চয়ই আপনি সম্মানিত প্রশংসিত। ৩। হে আল্লাহ আপনি বরকত দান করুন মুহাম্মাদ (সাঃ) এবং তাঁর পরিবারবর্গের উপর, যেমনিভাবে আপনি বরকত দান করেছেন ইব্রাহীম (আঃ) এবং তাঁর পরিবারবর্গের উপর। ৪। নিশ্চয়ই আপনি সম্মানিত প্রশংসিত।

দু'য়া মাসূরা (অর্থঃ হাদীসের নিয়ম অনুসারে)

সহীহ্ তা'লীমুল কুরআন ফাউন্ডেশন

অর্থ ঃ ১। হে আল্লাহ নিশ্চয় আমি আমার নিজের উপর অনেক জুলুম করেছি। আপনি ছাড়া গুনাহ ক্ষমা করার আর কেউ নেই। অতএব আপনিই আপনার পক্ষ থেকে আমাকে ক্ষমা করুন পরিপূর্ণ ক্ষমা। আমাকে দয়া করুন। ২। নিশ্চয়ই আপনি ক্ষমাশীল ও অত্যন্ত দয়ালু।

দুয়া' কুনুৎ (অর্থঃ বিনয়ী হওয়া)

অর্থ ঃ ১। হে আল্লাহ নিশ্চয় আমরা, আপনার কাছে সাহায্য চাই এবং আপনার কাছে ক্ষমা চাই। আমরা আপনার উপর ঈমান এনেছি এবং আপনার উপর ভরসা করি, আর আমরা আপনার উত্তম প্রশংসা করি ২। আমরা আপনার কৃতজ্ঞতা জ্ঞাপন করি, আপনার সাথে কুফরী করি না, (তাদের সাথে) সম্পর্ক রাখব না আমরা ত্যাগ করব, যারা আপনার নাফরমানী করে ৩। হে আল্লাহ আমরা আপনারই ইবাদাত করি, আপনার জন্যই নামাজ আদায় করি, আর আপনাকে সাজদা করি এবং আপনার দিকে দ্রুত ছুটে আসি ও আপনার দয়ার আশা করি এবং আপনার আযাবকে আমরা ভয় করি ৪। যদিও আপনার আযাব শুধু মাত্র কাফিরদের জন্যে নির্ধারিত।

সালাম (অর্থ: শান্তি)

اَلسَّلَامُ عَلَيْكُمْ وَ رَحْمَةُ اللّٰهِ •

আল্লাহর রহমাত এবং আপনার উপর শান্তি সমস্ত

অর্থ ঃ আপনাদের উপর আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।

তাওবা (অর্থ: ফিরে আসা)

অর্থ ঃ ১। আমার রব আল্লাহর নিকট আমি ক্ষমা চাচ্ছি সমস্ত গুনাহ হতে এবং তাঁর কাছে তওবা করছি (ফিরে আসছি)। ২। অতি মহান মর্যাদাবান আল্লাহ ব্যতীত কোন শক্তি নেই, কোন আশ্রয় এর জায়গা নেই।

মুনাজাত (অর্থ: প্রার্থনা)

وَّقِنَا عَذَابَ النَّارِ ○ رَبِّ ارْحَمْهُمَا كَمَا

যেমন তাদেরকে (পিতা-মাতাকে) আপনি রহম করুন হে আমাদের রব জাহান্নামের আযাব (থেকে) আমাদেরকে বাঁচান

رَبَّيَانِيْ صَغِيْرًا ○ بِرَحْمَتِكَ يَآ اَرْحَمَ الرّٰحِمِيْنَ ○

অসীম দয়ালু করুণাময় হে আপনার রহমাতের সাথে ছোট বেলায় আমাকে লালন পালন করেছেন

অর্থ ঃ হে আমাদের প্রতিপালক আমাদেরকে দুনিয়া ও আখিরাতের মঙ্গল দান করুন এবং আমাদেরকে জাহান্নামের আগুন থেকে বাচাঁন। হে আমাদের রব, রহম করুন আমাদের পিতা মাতাদের উপর, যেমন করে তারা আমাদেরকে ছোট বেলায় লালন পালন করেছিলেন। আপনার রহমাতের সাথে হে করুণাময় অসীম দয়ালু।

মৃত ব্যক্তির জানাযার দু'য়া সমূহ

কোন মুসলমান ব্যক্তির মৃত্যু হলে ঐ মহল্লার কিছু লোকজন উপস্থিত হয়ে আযান, ইকামাত, রুকু, সাজদাহ, বৈঠক বিহীন এক নামায আদায় করার নাম হলো জানাযা। নির্দিষ্ট নিয়মে চার তাকবিরের সাথে ইমামের পেছনে মুসাল্লিগণ তিন, পাঁচ, বা সাত কাতারে দাঁড়াবে। এ নামাজ ফরজে কিফায়া, নিয়ত করা ও দাঁড়িয়ে আদায় করা ফরজ। আদায়ের নিয়ম কোন দক্ষ উস্তায এর নিকট থেকে শিখে নিন।

নিয়ত করার পর প্রথম তাকবির বলার পর পড়তে হবে

অর্থ ঃ হে আল্লাহ আপনার প্রশংসা এবং সেই সাথে পবিত্রতা, ঘোষণা করছি। আপনার নাম বরকতময়, আপনার মহিমা (মহানুভবতা) সর্ব উচ্চ, আপনি ছাড়া কোন উপাস্য নেই।

* দ্বিতীয় তাকবির বলার পর পড়তে হবে দরূদে ইবরাহীম *

তৃতীয় তাকবির বলার পর পড়তে হবে

অর্থ:-হে আল্লাহ,আমাদের মধ্য থেকে জীবিত মৃত উপস্থিত অনুপস্থিত ছোট বড় পুরুষ মহিলাদেরকে ক্ষমা করুন, হে আল্লাহ আমাদের মধ্যে যাদেরকে জীবিত রাখবেন তাদেরকে ইসলামের উপর কায়েম রাখুন এবং যাদেরকে মৃত্যু দিবেন তাদেরকে ঈমানের সাথে মৃত্যু দান করুন।

মৃত ব্যক্তি যদি নাবালক ছেলে হয় তা হলে এ দু'য়া পড়তে হবে

মৃত ব্যক্তি যদি নাবালিকা মেয়ে হয় তা হলে এ দু'য়া পড়তে হবে

অর্থ:- হে আল্লাহ তাকে এ (শিশুকে) আমাদের জন্য অগ্রবর্তী করুন এবং আমাদের জন্য তাকে নেকি লাভের মাধ্যম এবং আখিরাতের সঞ্চয় বানিয়ে দিন এবং তাকে আমাদের জন্য সুপারিশকারী ও সুপারিশ গ্রহণকৃত বানিয়ে দিন

মৃত ব্যক্তিকে কবরে রাখার সময় এ দু'য়া পড়বে

بِسْمِ اللّٰهِ وَعَلٰى مِلَّةِ رَسُوْلِ اللّٰهِ ○

অর্থ : আল্লাহর নামে এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মিল্লাতের (তৃরিকার) উপর আমরা তাকে দাফন করছি।

কবরে মাটি দেয়ার সময় এ দু'য়া পড়বে

مِنْهَا خَلَقْنٰكُمْ وَفِيْهَا نُعِيْدُكُمْ وَمِنْهَا نُخْرِجُكُمْ تَارَةً اُخْرٰى

অর্থ : (মনে রেখ) সেই যমীন বা মাটি থেকেই আমি তোমাদের সৃষ্টি করেছি তাতেই আবার তোমাদের কে ফেরত পাঠাবো আর তা থেকেই দ্বিতীয়বার তোমাদের বের করে আনবো।

মৃত ব্যক্তির কবরের প্রশ্ন ও উত্তর

উত্তর	প্রশ্ন
رَبِّيَ اللّٰهُ ○ আমার রব আল্লাহ	مَنْ رَّبُّكَ আপনার রব কে?
دِيْنِيَ الْاِسْلَامُ ○ আমার ধর্ম ইসলাম।	وَمَا دِيْنُكَ আপনার ধর্ম কি?
نَبِيِّيْ مُحَمَّدٌ ○ (ص) আমার নাবী মুহাম্মাদ (সাঃ)	وَمَنْ نَّبِيُّكَ আপনার নাবী কে?

যানবাহনে উঠে এই দু'য়া পড়বে

سُبْحَانَ الَّذِيْ سَخَّرَ لَنَا هٰذَا وَمَا كُنَّا لَهٗ

مُقْرِنِيْنَ ○ وَاِنَّا اِلٰى رَبِّنَا لَمُنْقَلِبُوْنَ ○

অর্থ : পবিত্রতা ঘোষণা করছি সেই সত্তার, যিনি এই যানবাহনকে আমাদের নিয়ন্ত্রণে এনে দিয়েছেন। অন্যথায় আমরা একে আয়ত্বে আনতে সক্ষম ছিলাম না। আর আমরা সবাই তাঁর দিকে ফিরে যেতে বাধ্য। (সূরা- যুখরুফ, আয়াত-১৩)

ঋণ থেকে মুক্তির দু'য়া

ঋণ গ্রস্ত ব্যক্তিগণ বেশি বেশি এ দু'য়া পাঠ করুন, আল্লাহ তা'য়ালার মেহেরবানীতে সকল প্রকার ঋণ পরিশোধ হয়ে যাবে। ইংশাআল্লাহ

اَللّٰهُمَّ اكْفِنِىْ بِحَلَالِكَ عَنْ حَرَامِكَ

وَاَغْنِنِىْ بِفَضْلِكَ عَنْ مَّنْ سِوَاكَ •

হে আল্লাহ! আপনি হারাম ছাড়া হালালকেই আমার জন্য যথেষ্ট করে দিন এবং আপনার অনুগ্রহ দ্বারা আপনি ছাড়া বাকী সবকিছু থেকে আমার অভাব মুক্ত করে দিন।

বিপদাপদ হতে রক্ষার দু'য়া

যে ব্যক্তি সকাল বিকাল নিম্নের দু'য়া তিন বার পড়বে আল্লাহ তা'য়ালা তাকে সব রকমের বিপদ হতে রক্ষা করবেন।

بِسْمِ اللّٰهِ الَّذِىْ لَا يَضُرُّ مَعَ اسْمِهٖ شَىْءٌ

فِى الْاَرْضِ وَلَا فِى السَّمَآءِ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ •

অর্থ : আল্লাহর নামে আরম্ভ করলাম, যাঁর নামের গুণে কোনো কিছু আসমান কিংবা যমীনে কারো ক্ষতি করতে পারে না। তিনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞ।

বুখারী শরীফের সর্বশেষ হাদীস

দু'টি কালিমা মহান আল্লাহ তা'য়ালার নিকট খুবই প্রিয়, কিন্তু পড়তে খুব সহজ, আর মীযানের পাল্লায় খুব ভারি।

سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهٖ سُبْحَانَ اللّٰهِ الْعَظِيْمِ ◦

আমরা আল্লাহ তায়া'লার প্রশংসাসহ তাঁর পবিত্রতা ঘোষণা করছি, মহান আল্লাহ অতীব পবিত্র।

আয়াতুল কুরসির ফযিলত (সূরা বাক্বারাহ ২৫৫নম্বর আয়াত)

হযরত আবু হুরায়রা (রা.) বলেন, যখন আপনি বিছানায় শুতে যাবেন তখন 'আয়াতুল কুরসি'র প্রথম থেকে শেষ পর্যন্ত তিলাওয়াত করবেন। তাহলে আপনি সে রাতে এক মূহুর্তের জন্যও আল্লাহর হিফাযতের বহির্ভূত হবেন না। আর সকাল পর্যন্ত শয়তানও আপনার নিকটবর্তী হতে পারবে না। উপরোক্ত সে রাতে যা কিছু হবে, সবই কল্যাণকর হবে।

রসূলে আকরাম (সা.) বলেছেন, সূরা বাক্বারার মধ্যে এমন একটি আয়াত আছে, যে আয়াতটি পুরো কুরআন মাজীদের নেতা স্বরূপ। এ আয়াতটি তিলাওয়াত করে ঘরে প্রবেশ করলে শয়তান বের হয়ে যায়। তা হলো 'আয়াতুল কুরসি'।

আবু উমামা (রা.) বলেন রসূলে আকরাম (সা.) বলেছেন, যে ব্যক্তি প্রত্যেক ফরজ নামাযের পর 'আয়াতুল কুরসি' তিলাওয়াত করবে, তাকে মৃত্যু ছাড়া অন্য কিছু জান্নাতে যেতে বাধা দেয় না। সূত্র: তাফসিরে ইবনে কাছির।

اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلْحَيُّ الْقَيُّوْمُ ۚ لَا تَاْخُذُهٗ سِنَةٌ

وَّلَا نَوْمٌ ؕ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ

مَنْ ذَا الَّذِيْ يَشْفَعُ عِنْدَهٗٓ اِلَّا بِاِذْنِهٖ ؕ يَعْلَمُ

مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ وَلَا يُحِيْطُوْنَ بِشَيْءٍ

مِّنْ عِلْمِهٖٓ اِلَّا بِمَا شَآءَ ۚ وَسِعَ كُرْسِيُّهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۚ

وَلَا يَـُٔوْدُهٗ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ ○

আল্লাহ, তিনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই, তিনি চিরঞ্জীব, সুপ্রতিষ্ঠিত ধারক। তাঁকে তন্দ্রা ও নিদ্রা স্পর্শ করে না। তাঁর জন্যই আসমানসমূহে যা রয়েছে তা এবং যমীনে যা আছে তা। কে সে, যে তাঁর নিকট সুপারিশ করবে তাঁর অনুমতি ছাড়া? তিনি জানেন যা আছে তাদের সামনে এবং যা আছে তাদের পেছনে। আর তারা তাঁর জ্ঞানের সামান্য পরিমাণও আয়ত্ব করতে পারে না, তবে তিনি যা চান তা ছাড়া। তাঁর কুরসী আসমানসমূহ ও যমীন পরিব্যাপ্ত করে আছে এবং এ দু'টোর সংরক্ষণ তাঁর জন্য বোঝা হয় না। আর তিনি সুউচ্চ, মহান।

সূরা বাক্বারার শেষ দুই আয়াত এর ফযিলত

* রসূল (সা:) বলেছেন, কেউ যদি রাতে এ দু'টি আয়াত তিলাওয়াত করে তার জন্য যথেষ্ট হয়ে যাবে।
* যে ব্যক্তি, এশার নামাযের পর এ দু'টি আয়াত তিলাওয়াত করল, তার জন্য তাহাজ্জুদ আদায়ের সমান হল।
* যে বাড়ীতে তিন রাত পর্যন্ত এ আয়াত দু'টি তিলাওয়াত করা হবে, শয়তান সে বাড়ীর নিকটেও যেতে পারবেনা।

اٰمَنَ الرَّسُوْلُ بِمَآ اُنْزِلَ اِلَيْهِ مِنْ رَّبِّهٖ وَالْمُؤْمِنُوْنَ ؕ

كُلٌّ اٰمَنَ بِاللّٰهِ وَ مَلٰٓئِكَتِهٖ وَ كُتُبِهٖ وَرُسُلِهٖ ۟ لَا نُفَرِّقُ بَيْنَ

اَحَدٍ مِّنْ رُّسُلِهٖ ۟ وَقَالُوْا سَمِعْنَا وَاَطَعْنَا ۟ غُفْرَانَكَ رَبَّنَا وَاِلَيْكَ الْمَصِيْرُ ○

لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا اِلَّا وُسْعَهَا ؕ لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا

مَا اكْتَسَبَتْ ؕ رَبَّنَا لَا تُؤَاخِذْنَآ اِنْ نَّسِيْنَآ اَوْ اَخْطَاْنَا ۚ

رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَآ اِصْرًا كَمَا حَمَلْتَهٗ عَلَى الَّذِيْنَ

مِنْ قَبْلِنَا ۚ رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهٖ ۚ

وَاعْفُ عَنَّا ۗ وَاغْفِرْ لَنَا ۗ وَارْحَمْنَا ۗ اَنْتَ مَوْلٰنَا فَانْصُرْنَا

عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ○

রসূল তাঁর নিকট তাঁর রবের পক্ষ থেকে নাযিলকৃত বিষয়ের প্রতি ঈমান এনেছে, আর মুমিনগণও। প্রত্যেকে ঈমান এনেছে আল্লাহর উপর, তাঁর ফিরিস্তাকুল, কিতাবসমূহ ও তাঁর রসূলগণের উপর, আমরা তাঁর রসূলগণের কারও মধ্যে তারতম্য করি না। আর তারা বলে, আমরা শুনলাম এবং মানলাম। হে আমাদের রব! আমরা আপনারই ক্ষমা প্রার্থনা করি, আর আপনার দিকেই প্রত্যাবর্তনস্থল।

আল্লাহ কোন ব্যক্তিকে তার সামর্থ্যের বাইরে দায়িত্ব দেন না। সে যা অর্জন করে তা তার জন্যই এবং সে যা কামাই করে তা তার উপরই বর্তাবে। হে আমাদের রব! আমরা যদি ভুলে যাই, অথবা ভুল করি তাহলে আপনি আমাদেরকে পাকড়াও করবেন না। হে আমাদের রব, আমাদের উপর বোঝা চাপিয়ে দেবেন না, যেমন আমাদের পূর্ববর্তীদের উপর চাপিয়ে - দিয়েছেন। হে আমাদের রব, আপনি আমাদেরকে এমন কিছু বহন করাবেন না, যার সামর্থ্য আমাদের নেই। আর আপনি আমাদেরকে মার্জনা করুন এবং আমাদেরকে ক্ষমা করুন, আর আমাদের উপর দয়া করুন আপনি আমাদের অভিভাবক। অতএব আপনি কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য করুন।

সূরা হাশরের শেষ তিন আয়াতের ফযিলত

রসূলে আকরাম (সা:) বলেছেন, যে ব্যক্তি সকালে এবং বিকালে সূরা হাশরের শেষ তিন আয়াত তিলাওয়াত করবে, আল্লাহ তা'য়ালা তার জন্য ৭০হাজার ফিরিস্তা নিযুক্ত করে দিবেন, তারা সকাল থেকে সন্ধ্যা এবং সন্ধ্যা থেকে সকাল পর্যন্ত তিলাওয়াত কারীর জন্য আল্লাহ তায়ালার নিকট মাগফিরাত করতে থাকবে। এবং যে দিন এ আয়াত তিলাওয়াত করবে সেদিন ঐ ব্যক্তি মারা গেলে শহীদের মর্যদা লাভ করবে। তিরমিযি)

هُوَاللّٰهُ الَّذِیْ لَاۤ اِلٰهَ اِلَّاهُوَ ۚ عٰلِمُ الْغَیْبِ وَ الشَّهَادَةِ

هُوَالرَّحْمٰنُ الرَّحِیْمُ ○ هُوَاللّٰهُ الَّذِیْ لَاۤ اِلٰهَ اِلَّاهُوَ ۚ اَلْمَلِكُ الْقُدُّوْسُ

السَّلٰمُ الْمُؤْمِنُ الْمُهَیْمِنُ الْعَزِیْزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ ؕ سُبْحٰنَ

اللّٰهِ عَمَّا یُشْرِكُوْنَ ○ هُوَاللّٰهُ الْخَالِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ

الْاَسْمَآءُ الْحُسْنٰی ؕ یُسَبِّحُ لَهٗ مَا فِی السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَهُوَ

الْعَزِیْزُ الْحَكِیْمُ ○

(১) তিনিই আল্লাহ, যিনি ছাড়া কোন ইলাহ নেই; দৃশ্য-অদৃশ্যের জ্ঞাতা; তিনিই পরম করুণাময়, দয়ালু।
(২) তিনিই আল্লাহ; যিনি ছাড়া কোন ইলাহ নেই, তিনিই বাদশাহ, মহাপবিত্র, ত্রুটিমুক্ত, নিরাপত্তাদানকারী, রক্ষক, মহাপরাক্রমশালী, মহাপ্রতাপশালী, অতীব মহিমান্বিত, তারা যা শরীক করে তা হতে পবিত্র মহান।
(৩) তিনিই আল্লাহ, স্রষ্টা, উদ্ভাবনকর্তা, আকৃতিদানকারী; তাঁর রয়েছে সুন্দর নামসমূহ; আসমান ও যমীনে যা আছে সবই তার মহিমা ঘোষণা করে। তিনি মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়।

যে ব্যক্তি সকাল বিকাল এই দু'য়া পড়বে আল্লাহ তা'য়ালা তার সব রকমের চিন্তা ভাবনা দূর করবেন। এবং করজ আদায়ের পথ করে দিবেন।

اَللّٰهُمَّ اِنِّیْۤ اَعُوْذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحُزْنِ وَاَعُوْذُ بِكَ مِنَ الْعَجْزِ وَالْكَسَلِ

وَاَعُوْذُ بِكَ مِنَ الْبُخْلِ وَالْجُبْنِ وَاَعُوْذُبِكَ مِنْ غَلَبَةِ الدَّیْنِ وَقَهْرِ الرِّجَالِ •

অর্থ : হে আল্লাহ! আমি সকল প্রকার দুশ্চিন্তা ও পেরেশানী থেকে আপনার আশ্রয় গ্রহণ করছি, অক্ষমতা ও অলসতা থেকে আপনার আশ্রয় গ্রহণ করছি, কাপুরুষতা ও কৃপণতা থেকে আপনার আশ্রয় গ্রহণ করছি এবং ঋণের বোঝা ও মানুষের অত্যাচার থেকে আপনার আশ্রয় গ্রহণ করছি।

গুরত্বপূর্ণ কিছু বিষয়

আমাদের নাবীর পূর্বে যত নাবী রসূলগণ ছিলেন তাদের নাম নেওয়ার সাথে সাথে যে দু'য়াটি পড়ি তা হলোঃ عَلَيْهِ السَّلَامُ (অর্থ: তাঁর উপর শান্তি বর্ষিত হোক) বাংলায় ব্যবহার হয় (আঃ) যেমন: হযরত ইবরাহীম (আঃ)।

আমাদের প্রিয় নাবীর নাম مُحَمَّدٌ 'মুহাম্মাদ' নাবীর নাম উচ্চারণ করার সাথে সাথে আমরা যে দু'য়াটি পড়ি তা হলো صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ (অর্থ: তাঁর উপর রহমাত ও শান্তি বর্ষিত হোক। বাংলায় ব্যবহার হয় (সাঃ) যেমন: হযরত মুহাম্মাদ (সাঃ)

প্রয়োজনীয় দুইটি শব্দ ও অর্থঃ حَضْرَتْ জনাব مُصْطَفَى নির্বাচিত

আমাদের প্রিয় নাবীর যতজন সাহাবী ছিলেন তাদের নাম নেওয়ার সাথে সাথে আমরা যে দু'য়াটি পড়ি তা হলো رَضِيَ اللهُ عَنْهُ/ عَنْهَا অর্থ: আল্লাহ তা'য়ালা তাঁর উপর রাজী/সন্তুষ্ট হোন । বাংলায় ব্যবহার হয় (রাঃ)/(রা.) যেমনঃ হযরত আবু বকর (রাঃ) মহিলা সাহাবী হলে رَضِيَ اللهُ عَنْهَا বলতে হবে।

সাহাবী জিন্দেগীর সমাপ্তির পর থেকে আজ পর্যন্ত, যত অলি, আউলিয়া, বুজর্গানে দ্বীন, হক্কানী ওলামায়ে কিরাম এবং নেককার বান্দাগণ দুনিয়া ছেড়ে চলে গেছেন, তাদের নাম নেওয়ার সাথে সাথে আমরা যে দু'য়াটি পড়ি তা হলো এই رَحْمَةُ اللهِ عَلَيْهِ অর্থ: তাঁর উপর আল্লাহ তায়ালার রহমাত বর্ষিত হোক। বাংলায় ব্যবহার হয় (রহঃ)/(র.) যেমনঃ ইমাম বুখারী (রহঃ)

কোন অলি, আউলিয়া, বুজর্গানেদ্বীন, হক্কানী ওলামায়ে কিরাম এবং নেককার বান্দাদের নাম নেওয়ার সাথে সাথে আমরা যে দুয়াটি পড়ি তা হলো এই دَامَتْ بَرَكَاتُهُمْ অর্থঃ তাঁর সার্বিক কল্যাণ স্থায়ী হোক! এছাড়াও আরও বলি مُدَّ ظِلُّهُ الْعَالِى অর্থঃ তাঁর ছায়া দীর্ঘায়িত হোক! বাংলায় ব্যবহার হয় (দাঃবাঃ) (মাঃ) যেমনঃ আব্দুর রহমান আস সুদাইস (দাঃবাঃ) (মাঃ)

اَلْاَسْمَآءُ الْحُسْنٰى (মহান আল্লাহ্ ছুবহা'-নাহু ওয়া তা'য়ালার পবিত্র ও সুন্দরতম নামসমূহ)

ইমাম বোখারি ও মুসলিম, হযরত আবু হুরায়রা (রা:) হতে রেওয়ায়েত করেছেন যে, রসূলে করীম (সা:) এরশাদ করেছেন, নিশ্চয়ই আল্লাহ তায়ালার নিরানব্বইটি নাম রয়েছে। যে ব্যক্তি এগুলোকে আয়ত্ত করে নেবে, সে জান্নাতে প্রবেশ করবে।

(বোখারী ২৭৩৬, মুসলিম ২৬৭৭)

৩ اَلرَّحِيْمُ অতীব দয়ালু	২ اَلرَّحْمٰنُ পরম দয়াময়	১ اَللّٰهُ আল্লাহ্ তা'য়ালা
৬ اَلسَّلَامُ শান্তি দাতা	৫ اَلْقُدُّوْسُ অতীব পবিত্র	৪ اَلْمَلِكُ সকলের বাদশাহ্
৯ اَلْعَزِيْزُ মহা পরাক্রান্ত	৮ اَلْمُهَيْمِنُ রক্ষণাবেক্ষক	৭ اَلْمُؤْمِنُ নিরাপত্তা দানকারী
১২ اَلْخَالِقُ সকলের সৃষ্টিকর্তা	১১ اَلْمُتَكَبِّرُ অহংকারী	১০ اَلْجَبَّارُ মহা পরাক্রমশালী
১৫ اَلْغَفَّارُ বড়ই ক্ষমাশীল	১৪ اَلْمُصَوِّرُ আকৃতি দানকারী	১৩ اَلْبَارِئُ উদ্ভাবক

১৮ اَلرَّزَّاقُ সকলের রিযিকদাতা	১৭ اَلْوَهَّابُ মহান দাতা	১৬ اَلْقَهَّارُ বড়ই রাগান্বিত
২১ اَلْقَابِضُ সংকীর্ণকারী	২০ اَلْعَلِيْمُ সর্বজ্ঞ	১৯ اَلْفَتَّاحُ বিজয়দানকারী
২৪ اَلرَّافِعُ উচ্চকারী	২৩ اَلْخَافِضُ নিচুকারী	২২ اَلْبَاسِطُ প্রশস্তকারী
২৭ اَلسَّمِيْعُ সর্ব শ্রোতা	২৬ اَلْمُذِلُّ হীন কারী	২৫ اَلْمُعِزُّ সম্মান দাতা
৩০ اَلْعَدْلُ ন্যায় বিচারক	২৯ اَلْحَكَمُ শ্রেষ্ঠ মিমাংসাকারী	২৮ اَلْبَصِيْرُ সর্ব দ্রষ্টা
৩৩ اَلْحَلِيْمُ সহনশীল	৩২ اَلْخَبِيْرُ সর্বজ্ঞ	৩১ اَللَّطِيْفُ বড়ই মেহেরবান

৩৪	৩৫	৩৬
اَلْعَظِيْمُ মহিমান্বিত	اَلْغَفُوْرُ বড়ই ক্ষমাশীল	اَلشَّكُوْرُ গুণগ্রাহী
৩৭	৩৮	৩৯
اَلْعَلِىُّ সমুন্নত	اَلْكَبِيْرُ সকলের অপেক্ষা বড়	اَلْحَفِيْظُ রক্ষাকর্তা
৪০	৪১	৪২
اَلْمُقِيْتُ শক্তি দাতা	اَلْحَسِيْبُ হিসাব গ্রহণকারী	اَلْجَلِيْلُ অতীব বড়
৪৩	৪৪	৪৫
اَلْكَرِيْمُ অতীব করুণাময়	اَلرَّقِيْبُ অতীব নিকটবর্তী	اَلْمُجِيْبُ দু'য়া গ্রহণকারী
৪৬	৪৭	৪৮
اَلْوَاسِعُ প্রশস্ততা দানকারী	اَلْحَكِيْمُ প্রজ্ঞাময়	اَلْوَدُوْدُ দয়ার্দ্র, দয়ালু
৪৯	৫০	৫১
اَلْمَجِيْدُ গৌরবময়	اَلْبَاعِثُ প্রেরণকারী	اَلشَّهِيْدُ শ্রেষ্ঠ সাক্ষী

নং	আরবি	অর্থ
৫২	اَلْحَقُّ	চির সত্য
৫৩	اَلْوَكِيْلُ	কার্যনির্বাহী
৫৪	اَلْقَوِىُّ	অতীব শক্তিশালী
৫৫	اَلْمَتِيْنُ	অটল
৫৬	اَلْوَلِىُّ	অভিভাবক
৫৭	اَلْحَمِيْدُ	প্রশংসিত
৫৮	اَلْمُحْصِىْ	গণনাকারী
৫৯	اَلْمُبْدِئُ	আদি সৃষ্টিকারী
৬০	اَلْمُعِيْدُ	পুনঃ আনয়নকারী
৬১	اَلْمُحْيِىْ	জীবিতকারী
৬২	اَلْمُمِيْتُ	মৃত্যুদাতা
৬৩	اَلْحَىُّ	চিরঞ্জীব
৬৪	اَلْقَيُّوْمُ	চিরস্থায়ী
৬৫	اَلْوَاجِدُ	প্রাপক
৬৬	اَلْمَاجِدُ	মহা সম্মানিত
৬৭	اَلْوَاحِدُ	একক
৬৮	اَلْاَحَدُ	এক ও অদ্বিতীয়
৬৯	اَلصَّمَدُ	অমুখাপেক্ষী

৭২ اَلْمُقَدِّمُ অগ্রসরকারী	৭১ اَلْمُقْتَدِرُ ক্ষমতাবান	৭০ اَلْقَادِرُ সর্বশক্তিমান
৭৫ اَلْاٰخِرُ অনন্ত	৭৪ اَلْاَوَّلُ অনাদি	৭৩ اَلْمُؤَخِّرُ পশ্চাদকারী
৭৮ اَلْوَالِىْ উত্তরাধিকারী	৭৭ اَلْبَاطِنُ গোপন	৭৬ اَلظَّاهِرُ প্রকাশ্য
৮১ اَلتَّوَّابُ তাওবা কবুলকারী	৮০ اَلْبَرُّ কল্যাণদানকারী	৭৯ اَلْمُتَعَالِىْ মহাসম্মানিত
৮৪ اَلرَّءُوْفُ অতীব দয়ার্দ্র	৮৩ اَلْعَفُوُّ ক্ষমাকারী	৮২ اَلْمُنْتَقِمُ প্রতিশোধ গ্রহণকারী
৮৭ اَلْمُقْسِطُ ন্যায় বিচারক	৮৬ ذُوالْجَلَالِ وَالْاِكْرَامِ মহত্ত্বের অধিকারী, মহাসম্মানিত	৮৫ اَلْمَالِكُ الْمُلْكِ সার্বভৌম শক্তির মালিক

৯০ اَلْمُغْنِى অমুখাপেক্ষাকারী	৮৯ اَلْغَنِىُّ অমুখাপেক্ষী	৮৮ اَلْجَامِعُ একত্রিতকারী
৯৩ اَلنَّافِعُ লাভ দাতা	৯২ اَلضَّارُّ ক্ষতি দাতা	৯১ اَلْمَانِعُ বাধা দানকারী
৯৬ اَلْبَدِيْعُ নবরূপে সৃষ্টিকারী	৯৫ اَلْهَادِى পথ প্রদর্শক	৯৪ اَلنُّوْرُ জ্যোতির্ময়ী
৯৯ اَلرَّشِيْدُ সৎ পথ প্রদর্শক	৯৮ اَلْوَارِثُ চূড়ান্ত মালিক	৯৭ اَلْبَاقِى সর্বদা অবস্থানকারী
	১০০ اَلصَّبُوْرُ অতীব ধৈর্য্যশীল	

মাছনূন দু'য়া সমূহঃ

ভুল ও অন্যায়ের কারণে বিপদ অথবা দুরাবস্থা দেখা দিলে এই দুয়া পড়বে।

لَآ اِلٰـهَ اِلَّآ اَنْتَ سُبْحَانَكَ اِنِّـىْ كُنْتُ مِنَ الظّٰالِمِيْنَ ○

অর্থ : (হে আল্লাহ!) 'আপনি ছাড়া কোন (সত্য) ইলাহ নেই'। আপনি পবিত্র মহান। নিশ্চয় আমি ছিলাম যালিম'।

ঘুমাবার সময় বলতে হয়

اَللّٰـهُـمَّ بِا سْـمِـكَ اَمُـوْتُ وَاَحْـىٰ ○	অর্থ : হে আল্লাহ! আমি তোমার নামে ঘুমাচ্ছি আর তোমার নামেই জাগ্রত হব।

ঘুম থেকে উঠে বলতে হয়

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْٓ اَحْيَانَا بَعْدَ مَآ اَمَا تَنَا وَاِلَيْهِ النُّشُوْرِ ○	অর্থ : শোকর সেই আল্লাহর যিনি আমাকে ঘুমানোর পর জাগ্রত করেছেন।

মসজিদে প্রবেশের দু'য়া

اَللّٰهُمَّ افْتَحْ لِىْٓ اَ بْوَابَ رَحْمَتِكَ •	অর্থ : হে আল্লাহ! আমার জন্য তোমার রহমতের দরজা খুলে দাও।

মসজিদ হতে বাহির হবার দু'য়া

اَللّٰهُمَّ اِنِّـىْٓ اَسْئَلُكَ مِنْ فَضْلِكَ •	অর্থ : হে আল্লাহ! আমি তোমার অনুগ্রহ প্রার্থনা করছি।

খাওয়ার শুরুতে বলতে হয়

بِسْمِ اللّٰهِ وَ عَلٰى بَرَكَةِ اللّٰهِ ○	অর্থ : আল্লাহর নামে এবং তাঁর পক্ষ থেকে বরকতের আশা নিয়ে শুরু করছি।

খাওয়ার শেষে বলতে হয়

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْٓ اَطْعَمَنَا وَ سَقَانَا وَ جَعَلَنَا مِنَ الْمُسْلِمِيْنَ ○	অর্থ : শোকর সেই আল্লাহর যিনি আমাদের পানাহার করিয়েছেন এবং মুসলিম বানিয়েছেন।

ইফতারের সময় বলতে হয়

اَللّٰهُمَّ لَكَ صُمْتُ وَعَلٰى رِزْقِكَ اَفْطَرْتُ ○	অর্থ : হে আল্লাহ! আমি আপনার জন্য রোজা রেখেছি, আর আপনার দেয়া রিযিক দিয়েই ইফতার করেছি।

দৈনন্দিন প্রয়োজনীয় মাসআলা

ইস্তিঞ্জার সময় ৮ কাজ করা সুন্নাত

০১. বাম পা দিয়ে প্রবেশ করা।	০৫. ঢিলা কুলুখ ব্যবহার করা।
০২. জুতা-সেন্ডেল পায়ে রাখা।	০৬. পানি খরচ করা।
০৩. মাথা ঢেকে রাখা।	০৭. ডান পা দিয়ে বের হওয়া
০৪. দিলে দিলে ইস্তিগফার করা।	০৮. আগে পরে দু'য়া পড়া।

ইস্তিঞ্জার সময় ৮ কাজ করা নিষেধ

০১. কথা বলা।	০৫. সালামের উত্তর দেয়া।
০২. জিকির করা বা তাসবীহ পড়া।	০৬. খাওয়া ও পান করা।
০৩. কুরআন শরীফ তিলাওয়াত করা।	০৭. মিস্ওয়াক করা।
০৪. সালাম দেয়া।	০৮. লিখা পড়া করা।

উযু-গোসলের মাসায়িল

উযুতে ৪ ফরয

১. সমস্ত মুখ ধোয়া।	৩. মাথা মাসেহ্ করা।
২. দুই হাতের কনুইসহ ধোয়া।	৪. দুই পায়ের টাখনুসহ ধোয়া।

গোসলে ৩ ফরয

১. কুলি করা।	৩. সমস্ত শরীর ধৌত করা।
২. নাকে পানি দেওয়া।	

উযু করার তরীকা

১. উযুতে নিয়ত করা সুন্নাত।	২. উযুর শুরুতে বিসমিল্লাহ্ পড়া সুন্নাত।
৩. দুই হাতের কব্জিসহ তিনবার ধোয়া সুন্নাত।	৪. মিস্ওয়াক করা সুন্নাত।
৫. তিনবার কুলি করা সুন্নাত।	৬. তিনবার নাকে পানি দেয়া সুন্নাত।
৭. সমস্ত মুখ তিনবার ধোয়া সুন্নাত।	৮. ঘন দাঁড়ি খিলাল করা মুস্তাহাব।
৯. দুই হাতের কনুইসহ তিনবার ধোয়া সুন্নাত।	১০. দুই হাতের অঙ্গুলী খিলাল করা সুন্নাত।
১১. সমস্ত মাথা একবার মাসেহ করা সুন্নাত।	১২. দুই কান মাসেহ্ করা সুন্নাত।
১৩. গর্দান মাসেহ্ করা মুস্তাহাব।	১৪. দুই পায়ের টাখনুসহ তিনবার ধোয়া সুন্নাত।
১৫. দুই পায়ের অঙ্গুলী খিলাল করা সুন্নাত।	১৬. উযুর শেষে কালিমা শাহাদাত পড়া মুস্তাহাব।

তায়াম্মুমে ৩ ফরয

১. নিয়ত করা।	৩. দুই হাতের কনুইসহ একবার মাসেহ্ করা।
২. সমস্ত মুখ একবার মাসেহ্ করা।	

উযু ভঙ্গের কারণ ৭টি

১. পায়খানা বা পেশাবের রাস্তা দিয়ে কোন কিছু বের হওয়া (সামান্য হলেও)।	৪. থুথুর সঙ্গে রক্তের ভাগ সমান বা বেশী হওয়া।
	৫. চিৎ বা কাৎ হয়ে হেলান দিয়ে ঘুম যাওয়া।
২. মুখ ভরিয়া বমি হওয়া	৬. পাগল, মাতাল ও অচেতন হওয়া।
৩. শরীরের ক্ষতস্থান হইতে রক্ত, পুঁজ বা পানি বের হয়ে গড়িয়ে পড়া।	৭. নামাযে উচ্চ স্বরে হাসা।

নামাযের মাসায়িল

নামাযের বাহিরে এবং ভিতরে ১৩ ফরয

নামাযের বাহিরে ৭ ফরয

১. শরীর পাক।	৫. কিবলামুখী হওয়া।
২. কাপড় পাক।	৬. ওয়াক্ত মত নামায পড়া।
৩. নামাযের জায়গা পাক।	৭. নামাযের নিয়ত করা।
৪. সতর ঢাকা।	

নামাযের ভিতরে ৬ ফরয

১. তাকবীরে তাহ্রীমা বলা।	৪. রুকূ করা।
২. দাঁড়িয়ে নামায পড়া।	৫. দুই সিজ্দা করা।
৩. ক্বিরআত পড়া।	৬. আখিরী বৈঠক।

নামাযের ওয়াজিব ১৪ টি

১. আলহামদু শরীফ (সূরা ফাতিহা) পুরা পড়া।
২. আলহামদুর সঙ্গে সূরা মিলানো।
৩. রুকু-সিজ্দায় দেরী করা।
৪. রুকু হতে সোজা হয়ে খাড়া হওয়া।
৫. দুই সিজ্দার মাঝখানে সোজা হয়ে বসা।
৬. মধ্যের বৈঠক করা (৩ রাকাত বা ৪ রাকাত বিশিষ্ট নামাযে ২ রাকাত পর বসা)।
৭. দুই বৈঠকে আত্তাহিয়্যাতু পড়া।
৮. ইমামের জন্য ক্বিরআত আস্তে এবং জোরে পড়া।

নামাযের ওয়াজিব ১৪ টি

৯. বিতির নামাযে দু'য়া কুনুত পড়া।
১০. দুই ঈদের নামাযে ছয় তাকবীর বলা।
১১. ফরয নামাযের প্রথম দুই রাকাতকে ক্বিরআতের জন্য নির্ধারিত করা।
১২. প্রত্যেক রাকাতের ফরযগুলির তারতীব ঠিক রাখা।
১৩. প্রত্যেক রাকাতের ওয়াজিবগুলির তারতীব ঠিক রাখা।
১৪. সালাম দিয়ে নামায শেষ করা।

নামাযে সুন্নাতে মুয়াক্কাদাহ্ ১২ টি

১. দুই হাত উঠানো।	৭. প্রত্যেক উঠা বসায় আল্লাহু আকবার বলা।
২. দুই হাত বাঁধা।	৮. রুকুর তাসবীহ পড়া।
৩. সানা পড়া।	৯. রুকু হতে উঠার সময় তাসবীহ্ পড়া।
৪. আ'উযুবিল্লাহ পড়া।	১০. সিজ্‌দার তাস্‌বীহ্ পড়া।
৫. বিস্‌মিল্লাহ পড়া।	১১. দরূদ শরীফ পড়া।
৬. আলহামদুর শেষে আমীন বলা।	১২. দু'য়া মাছূরাহ পড়া।

নামায ভঙ্গের কারণ ১৯ টি

১. নামাযে অশুদ্ধ পড়া।	৫. উহ্ আহ্ শব্দ করা।
২. নামাযের ভেতর কথা বলা।	৬. বিনা উজরে কাশি দেয়া।
৩. কোন লোককে সালাম দেয়া।	৭. আমলে কাছীর করা।
৪. সালামের উত্তর দেয়া।	৮. বিপদে কি বেদনায় শব্দ করে কাঁদা।
৯. তিন তাসবীহ্ পরিমাণ সময় সতর খুলে থাকা।	
১০. মুক্তাদী ব্যতীত অপর লোকের লোকমা গ্রহণ করা।	
১১. সুসংবাদ ও দুঃসংবাদের উত্তর দেয়া।	
১২. নাপাক জায়গায় সিজ্‌দা করা।	
১৩. কিবলার দিক হতে সিনা ঘুরে যাওয়া।	
১৪. নামাযে কুরআন শরীফ দেখে পড়া।	
১৫. নামাযে শব্দ করে হাসা।	
১৬. নামাযে দুনিয়াবী কোন কিছু প্রার্থনা করা।	
১৭. হাঁচির উত্তর দেয়া।	
১৮. নামাযে খাওয়া ও পান করা।	
১৯ ইমামের আগে মুক্তাদি খাড়া হওয়া। (ইমাম হতে মুক্তাদী এগিয়ে দাঁড়ানো)।	

مخرج-মাখরাজ পরিচিত

মাখরাজ আরবী শব্দ এর অর্থ: উচ্চারণস্থল/ বের হওয়ার জায়গা। আরবী হরফ উচ্চারণের স্থানকে মাখরাজ বলে। আরবী ২৯টি হরফ উচ্চারণ করার জন্য প্রথমে ৩টি জায়গা চিনতে হবে তা হচ্ছে:- ১. গলা ২. জিহ্বা ৩. ঠোট এ তিনটি জায়গা থেকে ১৫টি মাখরাজের মাধ্যমে ب থেকে ي পর্যন্ত মোট ২৮টি হরফ উচ্চারিত হয় :

গলা বা কণ্ঠনালী থেকে ৩টি মাখরাজ ৬টি হরফ :			

মুখের ভেতর ও জিহ্বাহ থেকে ১০টি মাখরাজ ১৮টি হরফ:

ر	ن	ل	ض	ي	ش	ج	ك	ق
ث	ذ	ظ	ز	س	ص	ت	د	ط

ঠোট থেকে ২টি মাখরাজ ৪টি হরফ :	و	م	ب	ف

আলিফ ا এর নিজস্ব কোন মাখরাজ নেই। আলিফে হরকত ব্যবহার করলে হামঝাহ পড়তে হয় তাই হামঝার মাখরাজই আলিফের মাখরাজ।

তবে আলিফ মাদ্দ এর হরফ হিসেবে মুখের খোলা জায়গা থেকে উচ্চারণ হয় মাদ্দ এর হরফ ৩টি

এছাড়াও নাকের বাসি থেকে গুন্নাহ'র হরফ উচ্চারিত হয়। গুন্নাহ'র হরফ ২টি م ن

صِفَاتٌ সিফাত এর বিবরণ

সিফাত অর্থ: স্বভাব বা গুণাবলী। আরবী হুরূফের উচ্চারণের বিভিন্ন স্থানকে সিফাত বলে। সিফাতের সংখ্যা নিয়ে তাজউয়ীদ শাস্ত্রের ইমামগণের মধ্যে মতভেদ রয়েছে। তবে অধিকাংশের মতানুযায়ী সিফাতের সংখ্যা ১৭টি।

আরবী ২৯টি হরফের মধ্যে বেশির ভাগ হরফেরই একাধিক সিফাত রয়েছে। মানুষ যেমনিভাবে বহুগুণে গুণান্বিত হয় তদ্রূপ হরফের মধ্যেও বিভিন্ন গুণ রয়েছে বা বিভিন্ন গুণে গুণান্বিত হয়েছে। এ বিষয়ে তাজউয়ীদে পারদর্শী এমন একজন উস্তায এর নিকট থেকে জ্ঞাণ অর্জন করে বিশুদ্ধভাবে তিলাওয়াত করার জন্য অনুরোধ জানাচ্ছি।

১নং-মাখরাজ
কণ্ঠনালীর শুরু হইতে
উচ্চারিত হয়।
উচ্চারণে
১ আলিফ
লম্বা হবে
হা – هَا
ه
যুক্ত বর্ণ ঃ هـ ـهـ ـه
উচ্চারণে
লম্বা হবে না
هَمْزَهْ
হামযাহ্
ء
যুক্ত বর্ণ ঃ أ إ ئ ئـ ؤ ى

২ নং-মাখরাজ ঃ
কণ্ঠনালীর মধ্যখান হইতে উচ্চারিত হয়।
উচ্চারণে
১ আলিফ
লম্বা হবে
হা-حَا
ح
যুক্ত বর্ণ ঃ حـ ـحـ ـح
উচ্চারণে
৪ আলিফ
লম্বা হবে
আ'ইন – عَيْنْ
ع
যুক্ত বর্ণ ঃ عـ ـعـ ـع

৩ নং-মাখরাজ ঃ
কণ্ঠনালীর শেষ ভাগ হইতে উচ্চারিত হয়।
উচ্চারণে ১ আলিফ লম্বা হবে
খ – خَا
উচ্চারণে মোটা হবে
যুক্ত বর্ণ ঃ خخخ
উচ্চারণে ৪ আলিফ লম্বা হবে
গইন – غَيْنْ
উচ্চারণে মোটা হবে
যুক্ত বর্ণ ঃ غـغـغ
৪ নং-মাখরাজ ঃ
জিহ্বার গোড়া তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগাইয়া একটি হরফ উচ্চারিত হয়।
উচ্চারণে ৪ আলিফ লম্বা হবে
উচ্চারণে মোটা হবে
ক্বফ – قَافْ
যুক্ত বর্ণ ঃ قـقـق

৫ নং-মাখরাজ ঃ
জিহ্বার গোড়া হইতে একটু আগে বাড়াইয়া তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগাইয়া উচ্চারিত হয়।
উচ্চারণে ৪ আলিফ লম্বা হবে
ك
কাফ – كَافْ
যুক্ত বর্ণ ঃ ـكـ كـ ـك
৬ নং-মাখরাজ ঃ
জিহ্বার মধ্যখান হইতে তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগাইয়া উচ্চারিত হয়।
উচ্চারণে ৪ আলিফ লম্বা হবে
ج
জীম – جِيْمْ
যুক্ত বর্ণ ঃ جـ ـجـ ـج
উচ্চারণে ৪ আলিফ লম্বা হবে
ش
শীন – شِيْنْ
যুক্ত বর্ণ ঃ شـ ـشـ ـش
উচ্চারণে ১ আলিফ লম্বা হবে
ي
ইয়া – يَا
যুক্ত বর্ণ ঃ يـ ـيـ ـي
৮৭

৭ নং-মাখরাজ ঃ
জিহ্বার গোড়ার কিনারা উপরের মাড়ির দাঁতের গোড়ার সঙ্গে লাগাইয়া উচ্চারিত হয়।
উচ্চারণে ৪ আলিফ লম্বা হবে
উচ্চারণে মোটা হবে
ض
দ্বদ – ضَادْ
যুক্ত বর্ণ ঃ ضـ ـضـ ـض
৮ নং-মাখরাজ ঃ
জিহ্বার আগার কিনারা তার বরাবর উপরের দাঁতের মাড়ির সঙ্গে লাগাইয়া উচ্চারিত হয়।
উচ্চারণে ৪ আলিফ লম্বা হবে
ل
লাম– لَامْ
যুক্ত বর্ণ ঃ لـ ـلـ ـل

৯ নং-মাখরাজ ঃ
জিহ্বার আগা তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগাইয়া উচ্চারিত হয়।
উচ্চারণে ৪ আলিফ লম্বা হবে
ن
নূন – نُوْنٌ
যুক্ত বর্ণ ঃ ـنـنـن
১০নং-মাখরাজ ঃ
জিহ্বার আগার পিঠ তার বরাবর উপরের তালুর সঙ্গে লাগাইয়া উচ্চারিত হয়।
উচ্চারণে ১ আলিফ লম্বা হবে
উচ্চারণে মোটা হবে
ر
র – رَا
যুক্ত বর্ণ ঃ ـر ـر ر

১১ নং-মাখরাজ ঃ
জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সঙ্গে লাগাইয়া উচ্চারিত হয়।
উচ্চারণে ১ আলিফ লম্বা হবে
ت
তা—تَا
যুক্ত বর্ণ ঃ تتت
উচ্চারণে ৪ আলিফ লম্বা হবে
د
দাল—دَالْ
যুক্ত বর্ণ ঃ دددد
উচ্চারণে ১ আলিফ লম্বা হবে
উচ্চারণে মোটা হবে
ط
ত্ব—طَا
যুক্ত বর্ণ ঃ ططط
১২ নং-মাখরাজ ঃ
জিহ্বার আগা সামনের নিচের দুই দাঁতের আগার সঙ্গে লাগাইয়া উচ্চারিত হয়।
উচ্চারণে ১ আলিফ লম্বা হবে
ز
ঝা—زَا
যুক্ত বর্ণ ঃ ز ز ز
উচ্চারণে ৪ আলিফ লম্বা হবে
س
সীন—سِيْنْ
যুক্ত বর্ণ ঃ سسس
উচ্চারণে ৪ আলিফ লম্বা হবে
উচ্চারণে মোটা হবে
ص
ছদ—صَادْ
যুক্ত বর্ণ ঃ صصص

১৩ নং-মাখরাজ ঃ
জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের আগার সঙ্গে লাগাইয়া উচ্চারিত হয়।
উচ্চারণে ১ আলিফ লম্বা হবে
ث
ছা- ثَا
যুক্ত বর্ণ ঃ ثـ ـثـ ـث
উচ্চারণে ৪ আলিফ লম্বা হবে
ذ
যাল - ذَالْ
যুক্ত বর্ণ ঃ ذ ـذ ـذ
উচ্চারণে ১ আলিফ লম্বা হবে
উচ্চারণে মোটা হবে
ظ
য - ظَا
যুক্ত বর্ণ ঃ ظـ ـظـ ـظ
১৪ নং-মাখরাজ ঃ
নিচের ঠোঁটের পেট সামনের উপরের দুই দাঁতের আগার সঙ্গে লাগাইয়া উচ্চারিত হয়।
উচ্চারণে ১ আলিফ লম্বা হবে
ف
ফা- فَا
যুক্ত বর্ণ ঃ فـ ـفـ ـف

১৫ নং-মাখরাজ ঃ
দুই ঠোঁটের ভেজা জায়গা হইতে উচ্চারিত হয়।
উচ্চারণে
১ আলিফ
লম্বা হবে
ب
বা - بَا
যুক্ত বর্ণ ঃ ببب
১৫ নং-মাখরাজ ঃ
দুই ঠোঁটের শুকনা জায়গা হইতে উচ্চারিত হয়।
উচ্চারণে
৪ আলিফ
লম্বা হবে
م
মীম - مِيْمْ
যুক্ত বর্ণ ঃ ممم

১৫ নং-মাখরাজ ঃ
দুই ঠোঁট গোল করে সামান্য
খোলা রেখে উচ্চারিত হয়।
উচ্চারণে
৪ আলিফ
লম্বা হবে
و
ওয়াও-وَاوُ
যুক্ত বর্ণ ঃ و—و—و
গুন্নাহ্
আরবী হরফ
উচ্চারণ এর মাখরাজ চিত্র
و ب م
ف
ق ك
ض
غ خ
ح ع
أ ه

সিফাতের বিস্তারিত আলোচনা

আরবী হুরূফের উচ্চারণের বিভিন্ন অবস্থাকে সিফাত বলে। সিফাতের সংখ্যা নিয়ে তাজউয়ীদ শাস্ত্রের ঈমামগণের মধ্যে মতভেদ রয়েছে। তবে অধিকাংশ মতানুযায়ী সিফাতের সংখ্যা ১৭টি।

এটা দুই প্রকার, যথাঃ (ক) صِفَاتِ مُتَضَادَّةٌ (খ) صِفَاتِ غَيْرِ مُتَضَادَّةٌ

(ক) صِفَاتِ مُتَضَادَّةٌ দশটি (খ) صِفَاتِ غَيْرِ مُتَضَادَّةٌ সাতটি।

(ক) যে সকল বর্ণের বিপরীত সিফাত স্পষ্টতঃ লক্ষ্য করা যায় এরূপ হরফের সিফাতকে صِفَاتِ مُتَضَادَّةٌ বলে। এর সংখ্যা ১০টি যেমন:

اِسْتِعْلَاءٌ	رِخْوَتٌ تَوَسُّطُ	شِدَّتٌ	جَهْرٌ	هَمْسٌ
اِصْمَاتٌ	اِذْلَاقٌ	اِنْفِتَاحٌ	اِطْبَاقٌ	اِسْتِفَالٌ

صِفَاتِ مُتَضَادَّةٌ পরস্পর বিরোধী উচ্চারণের সিফাত। যেমন: কোন হরফে هَمْسٌ সিফাত থাকলে ঐ হরফে جَهْرٌ সিফাত থাকবে না। অনুরূপ ভাবে কোন হরফে شِدَّتٌ সিফাত থাকলে, ঐ হরফে رِخْوَتٌ থাকবেনা ইত্যাদি।

(১) هَمْسٌ হাম্‌স অর্থ: ক্ষীণ এবং দুর্বল আওয়াজ

যে হরফসমূহে এ সিফাত পাওয়া যাবে ঐ হরফসমূহ উচ্চারণের সময় আওয়াজ মৃদু ও দূর্বলভাবে সহজ করে উচ্চারণ করতে হবে। যাহাতে শ্বাসের প্রবাহ বর্তমান থাকে। এ সকল হুরূফকে হুরুফি মাহমুসা حُرُوْفُ مَهْمُوْسَةٌ বলে। মাহ্‌মুসার সংখ্যা ১০টি। যথা:

س	خ	ح	ث	ت
ه	ف	ك	ص	ش

হরফগুলি একত্রে বলা যায়: فَحَثَّهُ شَخْصٌ سَكَتْ

(২) جَهْرٌ অর্থ: উচু এবং শক্তিশালী আওয়াজ। (জাহির করা ও খোলাখুলি বর্ণনা করা)।

যে সকল হরফে এ সিফাত পাওয়া যাবে ঐ হরফসমূহ উচ্চারণের সময় আওয়াজ এর স্থলে এরূপ আওয়াজ এমন কঠিনভাবে বাধা দিতে হবে যেন শ্বাসের প্রবাহ-বন্ধ হয়ে যায় এবং আওয়াজে এক প্রকারের উচ্চঃস্বর ধ্বনিত হয়। এরূপ হরফসমূহকে حُرُوْفٌ مَجْهُوْرَةٌ বলে। হুরুফি মাজহুরার হরফ ১৯টি যথা:-

ذ	د	ج	ب	ا
ظ	ط	ض	ز	ر
م	ل	ق	غ	ع
	ي	ء	و	ن

হরফগুলি একত্রে বলা যায়: عَظُمَ وَزْنُ قَارِئٍ ذِىْ غَضٍّ جَدَّ طَلَبَ

(৩) شِدَّتٌ অর্থ: শক্ত হওয়া

যে সকল হরফে এ সিফাত পাওয়া যাবে ঐ সকল হরফ উচ্চারণের সময় আওয়াজ মাখরাজ স্থলে এরূপ জোরের সাথে লাগবে, যেন উহা কঠিন স্বরে উচ্চারিত হয়ে আওয়াজ বন্ধ হয়ে যায়। এরূপ হরফসমূহকে হুরূফি শাদীদাহ্ বলে। হুরূফি حُرُوْفٌ شَدِيْدَةٌ শাদীদাহর সংখ্যা ৮টি। যথা:-

ك	ق	ط	د	ج	ت	ب	ا

সংক্ষেপে বলা যায়: اَجِدُ قَطٍّ بَكَتْ

(৪) رِخْوَتٌ অর্থ:নম্রতা

রিখ্ওয়াত শব্দের অর্থ: সামান্য জারী বা প্রবাহমান থাকা। যে সকল হরফে এ সিফাত পাওয়া যাবে, উহা উচ্চারণের সময় মাখরাজের মধ্যে আওয়াজ এমন হালকা ও মৃদভাবে উচ্চারিত হবে যে, এতে উচ্চারণের প্রবাহ বিদ্যমান থাকে। জাহ্র ও হাম্সের মত সিদ্দাত ও রিখ্ওয়াত পরস্পর বিরোধী। তবে এদের মধ্যবর্তী আর একটি সিফাত আছে যাহাকে সিফাতে মুতাওয়াস্সিতাহ্ বলে। এরূপ সিফাত যে সকল হরফের মধ্যে বর্তমান থাকবে, উহাতে আওয়াজ সম্পূর্ণ বন্ধও হবে না এবং সম্পূর্ণ প্রবাহমানও থাকবে না। রিখওয়াত এর হরফের সংখ্যা ১৬টি। যথা:- ....

ش	س	ز	ذ	خ	ح	ث	ا
ي	ه	و	ف	غ	ظ	ض	ص

হরফগুলি একত্রে বলা যায়: خُذْغَثَّ حَظٍّ فُضَّ شَوْصٍ زِىَّ سَاهٍ

تَوَسُّطُ অর্থ: মধ্যম অবস্থা

এর হরফগুলি উচ্চারণ করার সময় আওয়াজ পুরাপুরি বন্ধও হয়না, পুরাপুরি জারীও থাকেনা। تَوَسُّطُ সিফাত বিশিষ্ট হরফগুলিকে مُتَوَسِّطَةٌ/بَيِّنَةٌ বলা হয়। এর হরফ ৫টি যথা:

ر	م	ع	ن	ل

হরফগুলি একত্রে বলা যায়: لِنْ عُمَرْ

(৬) اِسْتِعْلَاءٌ অর্থ: উচু হওয়া বা উপরে উঠা

যে সকল হরফের মধ্যে এ সিফাত বিদ্যমান থাকবে উহাকে হুরূফি اِسْتِعْلَاءٌ বা مُسْتَعْلِيَةٌ বলে। এর অর্থ হল, এরূপ হরফসমূহ উচ্চারণের সময় সর্বদা জিহ্বার গোড়া উপরের তালুর দিকে উঠে মিলিত হয়ে হরফ সমূহ মোটা হয়ে উচ্চারিত হবে। এরূপ হরফের সংখ্যা ৭টি। যথা:-

ق	خ	غ	ظ	ط	ض	ص

হরফগুলি একত্রে বলা যায়: خُصَّ ضَغْطٍ قِظْ

(৬) اِسْتِفَالُ অর্থ: নীচ হওয়া

যে সকল হরফে এরূপ সিফাত আছে, তাকে হুরূফি মুস্তাফিলা বলা হয়। এ সকল হরফ উচ্চারণের সময় জিহ্বার গোড়া উপরের তালুর দিকে না উঠে বরং হালকা বা পাতলাভাবে উচ্চারিত হবে। এর হরফ ২২টি যথা-

د	ح	ج	ث	ت	ب	ا

ف	ع	ش	س	ز	ر	ذ
ي	ء ه	و	ن	م	ل	ك

হরফগুলি একত্রে বলা যায়: ثَبَتَ عِزُّ مَنْ يُجَوِّدُ حَرْفَهُ اِذْ سَلَّ شَكًّا

(৭) اِطْبَاقُ অর্থ: মিলে যাওয়া

যে সকল হরফে এরূপ সিফাত পাওয়া যাবে ঐ সমস্ত হরফ উচ্চারণের সময় জিহ্বার মধ্যস্থল উপরের তালুর সাথে মিলে যায়। এরূপ হরফ সমূহকে مُطْبَقَةٌ মুত্বাকাহ্ বলে। এর হরফ ৪টি যথা–

ظ	ط	ض	ص

(৮) اِنْفِتَاحُ অর্থ: পৃথক করা

যে সকল হরফে এ সিফাত আছে, উহাকে হুরূফি مُنْفَتِحُ বলে। এ সকল হরফ উচ্চারণের সময় জিহ্বার মধ্যস্থল উপরের তালুর সাথে না মিলে বরং পৃথক স্থান হতে উচ্চারিত হবে। অন্যান্য অক্ষর যেমনঃ ق উচ্চারণের সময় জিহ্বার গোড়ার তালুর সাথে মিশে যায়। হুরূফি মুতবাকার ৪টি হরফ ব্যতীত বাকী সব হরফই হুরূফি مُنْفَتِحُ অতএব, এ সিফাত দুটিও পরস্পর বিরোধী। এর মোট হরফ ২৫টি যথাঃ-

خ	ح	ج	ث	ت	ب	ا
ع	ش	س	ز	ر	ذ	د
ن	م	ل	ك	ق	ف	غ
		ي	ء	ه	و	

হরফগুলি একত্রে বলা যায়: مَنْ اَخَذَ وَجَدَ سَعَتَ فَزَكَّا حَقٌّ لَه شُرْبُ غَيْثٍ

(৯) اِذْلَاقٌ অর্থ: পিছলে পড়া বা নড়াচড়া করা/ কিনারা/ তাড়াতাড়ি শেষ হওয়া।

যে হরফের মধ্যে এরূপ সিফাত পাওয়া যাবে উহাকে হুরূফি مُذْلَقَةٌ বলে। অর্থাৎ এ সিফাতের বৈশিষ্ট্য হচ্ছে, এরূপ হরফসমূহ জিহ্বা ও ঠোঁটের কিনারা দ্বারা খুব সহজে তাড়াতাড়ি উচ্চারিত হয়। এর হরফ ৬টি। যথা:–

م	ن	ل	ف	ر	ب

হরফগুলি একত্রে বলা যায়: فَرَّ مِنْ لُّبٍّ

এক সঙ্গে বলা যায় এই ছয়টি অক্ষরের মধ্যে এ ن - ل - ر তিনটি জিহ্বার অগ্রভাগের পার্শ্ব এবং অন্য م ف ب তিনটি ঠোটের পার্শ্ব দিয়ে তাড়াতাড়ি উচ্চারিত হয়।

(১০) اِصْمَاتٌ অর্থ: স্থির থাকা বা জমে থাকা/বন্ধ হয়ে যাওয়া

যে সকল হরফ নিজ নিজ মাখরাজ বা উচ্চারণস্থল হতে দৃঢ়তার সাথে উচ্চারিত হয় এবং সহজভাবে দ্রুত উচ্চারিত হয় না এরূপ হরফ সমূহকে হুরূফি مُصْمَتَةٌ বলে। মুসমাতের হরফ ২৩টি যথা:

د	خ	ح	ج	ث	ت	ا
ق	غ	ع	ش	س	ز	ذ
		ي	ء	ه	و	ك

অতএব, উপরে বর্ণিত ১০টি صِفَاتِ مُتَضَادَّةٌ একে অপরের বিরোধী। নিম্নে সংক্ষেপে সিফাত ১০টি দেখানো হলঃ–

جَهْرٌ	এর	বিপরীত	هَمْسٌ	اِسْتِعْلَاءٌ	এর	বিপরীত	اِسْتِفَالٌ
شِدَّتٌ	এর	বিপরীত	رِخْوَتٌ	اِطْبَاقٌ	এর	বিপরীত	اِنْفِتَاحٌ
	اِذْلَاقٌ	এর	বিপরীত	اِصْمَاتٌ			

(খ) صِفَاتِ غَيْرِ مُتَضَادَّةٌ

যে সকল হরফের বিপরীত সিফাত বিশেষভাবে উল্লেখযোগ্য নয়, উহাকে صِفَاتِ غَيْرِ مُتَضَادَّةٌ বলে। এ সিফাত ৭টি যথা–

صَفِيْرٌ	قَلْقَلَةٌ	لِيْنٌ	تَكْرَارٌ
ﷺ	تَفَشِّيْ	اِسْتِطَالَتٌ	اِنْحِرَافٌ

صِفَاتِ غَيْرِ مُتَضَادَّةٌ পরস্পর বিরোধী উচ্চারণের সিফাত নয়। বরং এগুলো আলাদা আলাদা সিফাত। যেমন– সফীর সিফাতের কোন হরফে, ক্বলক্বলার সিফাত পাওয়া যায় না। অনুরূপভাবে বাকী সিফাতগুলোরও বিপরীত সিফাত নেই।

(১) صَفِيْرٌ অর্থ : চড়ুই পাখির আওয়াজ।

যে হরফ সমূহে এ সিফাত পাওয়া যাবে তাকে হুরূফি اَسَلِيَّةٌ/صَفِيْرِيَّةٌ বলে। এর উচ্চারণকালে ছানায়ে উলিয়া ও ছানায়ে সুফলা দাঁতের মধ্যস্থল হতে শক্তভাবে ছোট পাখীর আওয়াজের মত আওয়াজ বের হয়। হুরূফি সাফীরিয়্যাহ ৩টি যথা :

ز	س	ص

২। قَلْقَلَةٌ অর্থ: প্রতি শব্দ/ নড়াচড়া করা

যে সকল হরফে এ সিফাত আছে, তাকে হুরূফি ক্বলক্বলাহ বলে। কোন গোলাকার বস্তু দ্বারা মাটিতে আঘাত করলে যেমন সাথে সাথে তা লাফিয়ে উঠে, ঐরূপ ঐ সকল হরফ সাকিন অবস্থায় মাখরাজ স্থলে জোরে আঘাত করলে, সাথে সাথে সামনের দিকে একটা প্রতিধ্বনি বের হয়। ক্বলক্বলার হরফ ৫টি। যথাঃ–

د	ج	ب	ط	ق

একসাথে মনে রাখার জন্য বলা যায়। قُطْبُ جَدٍّ

আরও মনে রাখবে–ক্বলক্বলাহ্ করা ভাল

৩। لِيْنٌ অর্থ: নরম (নরমভাবে উচ্চারণ করা)

যে হরফের মধ্যে এ সিফাত পাওয়া যাবে, উহাকে হুরূফি লীন বলে। অর্থাৎ হুরূফি লীনকে মাখরাজের স্থল হতে এত নরমভাবে আদায় করতে হয় যে,কেউ যদি তার উপরে মাদ্দ করতে চায়, তাহলে করতে পারে। আর এরূপ হরফ মাত্র দুটি, যথা– (وْ ওয়াও সাকিন ও يْ ইয়া সাকিন) যদি তার পূর্বের হরফ যবরযুক্ত হয়। যথা:

بَيْتٌ	خَوْفٌ

৪। اِنْحِرَافٌ অর্থ: ফিরে আসা/ঝুঁকিয়া পড়া।

যে হরফের মধ্যে এ সিফাত পাওয়া যাবে, তাকে হুরূফি মুনহারিফা বলে। আর ইনহিরাফের হরফও মাত্র দুটি যথা ঃ

ر	ل

যখন এ হরফ দুটি উচ্চারণ করা হবে, তখন ل এর মধ্যে জিহ্বার কিনারার দিকে এবং ر এর মধ্যে কিছুটা জিহ্বার পিঠের দিকে এবং কিছুটা লামের মাখরাজের দিকে ঝোঁক থাকবে। যথাঃ–

اَلرَّحِيْمُ	اَللَّطِيْفُ

৫। تَكْرَارٌ অর্থ: বারবার উচ্চারিত হওয়া।

এ সিফাতটি শুধুমাত্র (ر) হরফের মধ্যে পাওয়া যায়। এ হরফটি উচ্চারণের সময় জিহ্বার মধ্যে এক প্রকারের কম্পন সৃষ্টি হয়। অতএব, সে সময় আওয়াজের মধ্যে বারবার (تَكْرَارٌ) উচ্চারণের মত মনে হয়, কিন্তু এর অর্থ এই নয় যে, ر উচ্চারণের সময় একসাথে একাধিক ر উচ্চারণ করতে হবে। বরং এরূপ সন্দেহ হতে অবশ্যই বেঁচে থাকতে হবে। এমনকি ر হরফের উপর তাশদীদ থাকলেও বারবার উচ্চারণ করা যাবে না। কেননা ঐরূপ স্থলে মাত্র একটি ر–ই উচ্চারণ করতে হবে। যথাঃ–

اَلرَّحِيْمُ	رِجَالٌ	اِرْجِعْ

৬। تَفَشِّيْ অর্থ: বাঁশী বা হুইসেলের মত শব্দ হওয়া/ শাঁ শাঁ শব্দ হওয়া মুখের ভেতর আওয়াজ ছড়িয়ে পড়া।

এরূপ সিফাত মাত্র شْ শীন হরফের মধ্যে আছে। এ হরফটি উচ্চারণের সময় আওয়াজ মুখের মধ্যে ছড়িয়ে হুইসেলের মত শব্দ বাহির হয়ে আসে।

যথাঃ–

اَلشَّهْرُ	اَلشَّيْطٰنُ	اَشْهَدُ

৭। اِسْتِطَالَتْ অর্থ: দীর্ঘ বা লম্বা হওয়া

ইহা শুধু ضْ এর সিফাত। হরফটি উচ্চারণের সময় মাখরাজ স্থলের আরম্ভ হতে শেষ পর্যন্ত আওয়াজকে দীর্ঘ করতে হবে। অর্থাৎ نَوَاجِذْ দাঁতের মাড়ী হতে ضَوَاحِكْ দাঁতের মাড়ী পর্যন্ত লম্বাভাবে জিহ্বার কিনারা যোগ করে উচ্চারণ করতে হবে। এ হরফটিকে বলা হয় হরফে মুস্তাত্বিল مُسْتَطِيْلٌ যথাঃ– وَلَا الضَّآلِّيْنَ

সিফাত একটি গুরত্বপূর্ণ অধ্যায় এ বিষয়ে জ্ঞান অর্জন করার জন্য অবশ্যই একজন দক্ষ উস্তায এর নিকট যাওয়া জরুরী। এ বিষয়ে আমার পরামর্শ হলো মাখরাজ এবং সিফাত বেশি বেশি মুখস্ত করার চেয়ে গুরত্ব হলো উস্তাযের মুখে মুখে মাশ্‌কের মাধ্যমে উচ্চারণ ঠিক করা, আর হরফ, হরকত, জঝম, তাশদীদ এর ব্যবহার যথাযথভাবে উচ্চারণ করে সুন্দরভাবে বিশুদ্ধ তিলাওয়াত করা।

وَقُرْاٰنًا فَرَقْنٰهُ لِتَقْرَاَهٗ عَلَى النَّاسِ عَلٰى مُكْثٍ وَّ نَزَّلْنٰهُ تَنْزِيْلًا

আমি কুরআন মাজীদকে (ভাগে ভাগে) বিভক্ত করে দিয়েছি, যাতে করে আপনি ক্রমে ক্রমে তা মানুষদের সামনে তিলাওয়াত করতে পারেন আর (এ কারণেই) আমি তা পর পর নাযিল করেছি। (সূরা বানী ইসরাঈল- ১০৬)

যারা আল্লাহর কিতাব পাঠ করে, সলাত কায়েম করে, আমার দেয়া রিযিক থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে, তারাই আশা করতে পারে এমন ব্যবসার কথা যা কখনো ক্ষতিগ্রস্ত হবেনা। কারণ আল্লাহ তাদের কর্মের পূর্ণ প্রতিদান দেবেন নিজ অনুগ্রহে আরো অধিক দান করবেন। তিনি ক্ষমাশীল ও দয়াবান।
সূরা ফাতির ২৯-৩০

প্রশ্ন উত্তরে কুরআন শিক্ষা

ক্রমিক	প্রশ্ন ও উত্তর
১	নূরানী অর্থ কি?
উত্তর	নূর অর্থ আলো, নূরানী অর্থ আলোকিত।
২	নূরানী পদ্ধতি অর্থ কি?
উত্তর	আলোকিত কৌশল / পদ্ধতি।
৩	নূরানী পদ্ধতি কত সালে শুরু হয়েছে?
উত্তর	১৯৬০ সাল থেকে শুরু হয়েছে।
৪	নূরানী পদ্ধতির আবিষ্কারক কে?
উত্তর	হযরত মাওলানা ক্বারী বেলায়েত সাহেব।
৫	কুরআন শব্দের অর্থ কি?
উত্তর	সবচেয়ে বেশি পঠিত গ্রন্থ/যাকে বেশি পড়া হয়।
৬	কুরআন কোন্ মাসে নাযিল হয়েছে?
উত্তর	পবিত্র রমাদ্বান মাসে।
৭	কুরআন বহনকারী ফিরিস্তার নাম কি?
উত্তর	হযরত জিব্‌রাঈল (আঃ)।
৮	কোন্ নাবীর উপর কুরআন নাযিল হয়েছে?
উত্তর	আমাদের নাবী হযরত মুহাম্মাদ (সাঃ) এর উপর।
৯	পবিত্র কুরআনে মোট কত পারা?
উত্তর	৩০ পারা।
১০	ক্বায়ি'দাহ্ অর্থ কি?
উত্তর	কুরআন শিক্ষার কৌশল/পদ্ধতি।
১১	আরবী হরফ কয়টি?
উত্তর	আরবী হরফ ২৯টি।

ক্রমিক	প্রশ্ন ও উত্তর
১২	মাখরাজ অর্থ কি?
উত্তর	বের হওয়ার স্থান।
১৩	মাখরাজ কাকে বলে?
উত্তর	হরফ উচ্চারণের স্থানকে মাখরাজ বলে।
১৪	মাখরাজ মোট কয়টি?
উত্তর	১৭টি।
১৫	১৭ টি মাখরাজ কোন্ কোন্ জায়গা থেকে উচ্চারণ করতে হয়?
উত্তর	কণ্ঠনালী, মুখের ভেতর ও দুই ঠোঁট হতে উচ্চারণ করতে হয়।
১৬	কণ্ঠনালীর মাখরাজ ও হরফ কয়টি?
উত্তর	কণ্ঠনালীর মাখরাজ ৩টি, হরফ ৬টি।
১৭	মুখের ভেতর থেকে মাখরাজ ও হরফ কয়টি?
উত্তর	মুখের ভেতর থেকে ১০ টি মাখরাজ, ১৮টি হরফ।
১৮	দুই ঠোঁট হতে মাখরাজ ও হরফ কয়টি?
উত্তর	দুই ঠোঁট হতে ২টি মাখরাজ ৪টি হরফ।
১৯	২৯ টি হরফের মধ্যে, কয়টি হরফে ৪ আলিফ টান হয়?
উত্তর	১৫টি হরফে ৪ আলিফ টান হয়।
২০	২৯টি হরফের মধ্যে, কয়টি হরফে ১ আলিফ টান হয়?
উত্তর	১২টি হরফে ১ আলিফ টান হয়।
২১	২৯টি হরফের মধ্যে, কয়টি হরফে কোন্ টান হয় না?
উত্তর	২টি হরফে কোন্ টান হয় না।
২২	মোটা হরফ কয়টি ও কি কি?
উত্তর	মোটা হরফ ৭টি যথাঃ ص ض ط ظ غ خ ق

ক্রমিক	প্রশ্ন ও উত্তর
২৩	কোন্ হরফ সর্ব অবস্থায় দুই ঠোঁট গোল করে উচ্চারণ করতে হয়?
উত্তর	و সর্ব অবস্থায় দুই ঠোঁট গোল করে উচ্চারণ করতে হয়।
২৪	নুক্বত্বা ওয়ালা হরফ কয়টি?
উত্তর	১৫টি।
২৫	নুক্বত্বা ছাড়া হরফ কয়টি?
উত্তর	১৪টি।
২৬	কয়টি হরফের উপরে নুক্বত্বা ?
উত্তর	১২টি।
২৭	কয়টি হরফের নিচে নুক্বত্বা?
উত্তর	৩টি।
২৮	এক নুক্বত্বা যুক্ত হরফ কয়টি?
উত্তর	১০টি।
২৯	দুই নুক্বত্বা যুক্ত হরফ কয়টি?
উত্তর	৩টি।
৩০	তিন নুক্বত্বা যুক্ত হরফ কয়টি?
উত্তর	২টি।
৩১	মুরাক্কাব অর্থ কি?
উত্তর	মুরাক্কাব অর্থ সংযুক্ত/মিলানো।
৩২	আরবী হরফগুলো মিলানো অবস্থায় কি দেখে চিনতে হয়?
উত্তর	হরফগুলোর ডানদিকের মাথা দেখে চিনতে হয়।
৩৩	কয়টি হরফ শব্দের শুরুতে, মাঝখানে ও শেষে মুরাক্কাব হয়?
উত্তর	২২ টি হরফে যেমনঃ بـنـيـتـثـفـقـسـشـصـضـطـظـجـحـخـعـغـلـكـهم

ক্রমিক	প্রশ্ন ও উত্তর
৩৪	কয়টি হরফ শব্দের শেষে মুরাক্কাব হয়?
উত্তর	৬টি হরফ।
৩৫	হরকত কাকে বলে?
উত্তর	এক যবর, এক যের ও এক পেশকে হরকত বলে।
৩৬	হরকতের উচ্চারণ কি করে পড়তে হয়?
উত্তর	তাড়াতাড়ি করে পড়তে হয়।
৩৭	হরকতের উচ্চারণে দেরি করলে কি হবে?
উত্তর	মাদ্দ হয়ে যাবে, অর্থ পরিবর্তন হয়ে যাবে।
৩৮	আলিফ কখন হামঝাহ্ হয়?
উত্তর	আলিফে যবর, যের, পেশ,জঝম, তাশদীদ হলে।
৩৯	যবরের উচ্চারণ বাংলা কিসের মত হয়?
উত্তর	" া " আকারের মত হয়।
৪০	যেরের উচ্চারণ বাংলা কিসের মত হয়?
উত্তর	" ি " ই কারের মত হয়।
৪১	পেশের উচ্চারণ বাংলা কিসের মত হয়?
উত্তর	" ু " উ কারের মত হয়।
৪২	যবর উচ্চারণ করার নিয়মাবলি কি?
উত্তর	যবরের উচ্চারণ করার সময় মুখ ফাঁকা রেখে "হা" করে উচ্চারণ করতে হবে।
৪৩	যেরের উচ্চারণ করার নিয়মাবলি কি?
উত্তর	যেরের উচ্চারণ করার সময় নিচের দিকে হালকা চাপ দিয়ে, হালকা শক্ত করে উচ্চারণ করতে হবে।
৪৪	পেশের উচ্চারণ করার নিয়মাবলি কি?
উত্তর	পেশের উচ্চারণ করার সময় দুই ঠোঁট গোল করে, হালকা শক্ত করে উচ্চারণ করতে হবে।

ক্রমিক	প্রশ্ন ও উত্তর
৪৫	যবর, যের ও পেশকে আরবীতে কি বলে?
উত্তর	ফাতাহ্, কাছরা, দ্বম্মাহ্ বলে।
৪৬	তানউয়ীন কাকে বলে?
উত্তর	দুই যবর, দুই যের, দুই পেশকে তানউয়ীন বলে।
৪৭	তানউয়ীনের গোপনীয় নাম কি?
উত্তর	নূন সাকিন।
৪৮	জঝম ওয়ালা হরফ কয়বার পড়া যায়?
উত্তর	একবার, (তার ডান দিকের হরকতের সঙ্গে একত্রে একবার পড়তে হয়)
৪৯	জঝমের উচ্চারণ বাংলা কিসের মত হয়?
উত্তর	(্) হসন্তের মত হয়।
৫০	ক্বলক্বলাহ অর্থ কি?
উত্তর	পাল্টা আওয়াজ/প্রতিধ্বনি।
৫১	ক্বলক্বলার হরফ কয়টি ও কি কি?
উত্তর	৫টি যথাঃ ق ط ب ج د
৫২	কয়টি ক্বলক্বলাহ মোটা হয়?
উত্তর	২টি যথাঃ ق ط এর (ক্বলক্বলার আওয়াজ উপরের দিকে যাবে)
৫৩	কয়টি ক্বলক্বলাহ পাতলা হয়?
উত্তর	৩টি যথাঃ ب ج د (ক্বলক্বলার আওয়াজ নিচের দিকে যাবে)
৫৪	মাদ্দ এর হরফ কয়টি ও কি কি?
উত্তর	৩টি যথাঃ يَا بِيْ بُوْ
৫৫	মাদ্দ এর হরফ হলে কি করতে হয়?
উত্তর	এক আলিফ টেনে পড়তে হয়।

ক্রমিক	প্রশ্ন ও উত্তর
৫৬	খাড়া যবর, খাড়া যের ও উলটা পেশ হলে কি করতে হয়?
উত্তর	এক আলিফ টেনে পড়তে হয়।
৫৭	লীনের হরফ কয়টি ও কি কি?
উত্তর	লীনের হরফ ২টি যথাঃ بَوْ بَيْ
৫৮	লীনের হরফ হলে কি করতে হয়?
উত্তর	নরম করে তাড়াতাড়ি পড়তে হয়।
৫৯	তাশদীদ ওয়ালা হরফ কয়বার পড়তে হয়?
উত্তর	২বার পড়তে হয়।
৬০	কোন্ হরফে তাশদীদ হলে ওয়াজিব গুন্নাহ্ হয়?
উত্তর	ن নূন আর م মীম এ তাশদীদ হলে ওয়াজিব গুন্নাহ্ হয়।
৬১	ن নূন আর م মীম এর গুন্নাহ্ করার সময় মুখের কাজ কি?
উত্তর	নূন এর গুন্নাহ্ করার সময় মুখ ফাঁকা থাকবে আর মীম এর গুন্নাহ্ করার সময় মুখ বন্ধ থাকবে।
৬২	লীনের হরফের বামের হরফে ওয়াক্ফ (০) করলে কয় আলিফ টেনে পড়তে হয়?
উত্তর	এক আলিফ টেনে পড়তে হয়।
৬৩	দুই যবরের বামে ওয়াক্ফ করলে কয় আলিফ টেনে পড়তে হয়?
উত্তর	এক আলিফ টেনে পড়তে হয়।
৬৪	মাদ্দ এর হরফের উপর চিকন চিহ্ন থাকলে কয় আলিফ টেনে পড়তে হয়?
উত্তর	তিন আলিফ টেনে পড়তে হয়।
৬৫	মাদ্দ এর হরফের বামের হরফে ওয়াক্ফ করলে কয় আলিফ টেনে পড়তে হয়?
উত্তর	তিন আলিফ টেনে পড়তে হয়।
৬৬	মাদ্দ এর হরফের উপর মোটা চিহ্ন থাকলে কয় আলিফ টেনে পড়তে হয়?
উত্তর	চার আলিফ টেনে পড়তে হয়

ক্রমিক	প্রশ্ন ও উত্তর
৬৭	নূন সাকিন এবং তানউয়ীন কাকে বলে?
উত্তর	নূন সাকিন জঝম ওয়ালা নূনকে বলে, তানউয়ীন দুই যবর, দুই যের ও দুই পেশকে বলে।
৬৮	নূন সাকিন ও তানউয়ীন কয় প্রকারে পড়া যায় ও কি কি?
উত্তর	চার প্রকারে পড়া যায় (১) ইক্বলাব (২) ইদগাম (৩) ইযহার (৪) ইখ্‌ফা
৬৯	ইক্বলাব অর্থ কি? ইক্বলাবের হরফ কয়টি ও কি কি?
উত্তর	ইক্বলাব অর্থ পরিবর্তন করে পড়া, ইক্বলাবের হরফ ১টি যথাঃ ب ।
৭০	ইক্বলাবের পরিচয় কি?
উত্তর	নূন সাকিন ও তানউয়ীন এর পরে ইক্বলাবের হরফ আসলে মীম দ্বারা পরিবর্তন করে গুন্নাহর সাথে পড়তে হয়।
৭১	ইদগাম অর্থ কি, ইদগাম কয় প্রকার ও কি কি?
উত্তর	ইদগাম অর্থ মিলিয়ে পড়া। ইদগাম ২ প্রকার যথাঃ ইদগামে বা-গুন্নাহ্, ইদগামে বিলা গুন্নাহ্।
৭২	বা-গুন্নাহ্ অর্থ কি, বাগুন্নাহ্ এর হরফ কয়টি ও কি কি?
উত্তর	বা-গুন্নাহ্ অর্থঃ গুন্নাহর সাথে মিলিয়ে পড়া, বা-গুন্নাহর হরফ ৪টি যথাঃ ي م و ن
৭৩	বা-গুন্নাহ্ এর পরিচয় কি?
উত্তর	নূন সাকিন ও তানউয়ীন এর পরে বা-গুন্নাহর হরফ আসলে গুন্নাহর সাথে মিলিয়ে পড়তে হয়।
৭৪	বিলা গুন্নাহ্ অর্থ কি, বিলা গুন্নাহ্ এর হরফ কয়টি ও কি কি?
উত্তর	বিলা-গুন্নাহ্ অর্থ গুন্নাহ্ ছাড়া মিলিয়ে পড়া, বিলা-গুন্নাহর হরফ ২টি যথাঃ ر ل
৭৫	বিলা-গুন্নাহ্ এর পরিচয় কি?
উত্তর	নূন সাকিন ও তানউয়ীন এর পরে বিলা-গুন্নাহ্ এর হরফ আসলে গুন্নাহ্ ছাড়া মিলিয়ে পড়তে হয়।
৭৬	ইখফা অর্থ কি, ইখফার হরফ কয়টি ও কি কি?
উত্তর	ইখফা অর্থ গোপন করা বা লুকিয়ে পড়া, ইখফার হরফ ১৫টি যথাঃ ت ث ج د ذ ز س ش ص ض ط ظ ف ق ك
৭৭	ইখফার পরিচয় কি?
উত্তর	নূন সাকিন ও তানউয়ীন এর পরে ইখফার হরফ আসলে গুন্নাহ্ এর সাথে লুকিয়ে পড়তে হয়।

ক্রমিক	প্রশ্ন ও উত্তর
৭৮	ইযহার অর্থ কি, ইযহারের হরফ কয়টি ও কি কি?
উত্তর	ইযহার অর্থ স্পষ্ট করে পড়া, ইযহারের হরফ ৬টি।
৭৯	ইযহারের পরিচয় কি?
উত্তর	নূন সাকিন ও তানউয়ীন এর বামে ইযহারের হরফ আসলে গুন্নাহ্ ছাড়া স্পষ্ট করে পড়তে হয়।
৮০	মীম সাকিন কাকে বলে?
উত্তর	জঝম ওয়ালা মীমকে বলে।
৮১	মীম সাকিন কয় প্রকারে পড়া যায়?
উত্তর	তিন প্রকারে পড়া যায়, যেমনঃ (১) ইখফায়ে শাফাউয়ী, (২) ঈদগামে শাফাউয়ী, (৩) ইযহারে শাফাউয়ী।
৮২	মীম সাকিনের বামে ب থাকলে কি করে পড়তে হয়?
উত্তর	গুন্নাহ্ করে পড়তে হয় (এটাকে ইখফায়ে শাফাউয়ী বলে)।
৮৩	মীম সাকিনের বামে م থাকলে কি করে পড়তে হয়?
উত্তর	গুন্নাহ্ করে পড়তে হয় (এটাকে ইদগামে শাফাউয়ী বলে)।
৮৪	মীম সাকিনের বামে م ب না থাকলে কি করে পড়তে হয়?
উত্তর	গুন্নাহ্ ছাড়া স্পষ্ট করে পড়তে হয় (এটাকে ইযহারে শাফউয়ী বলে)
৮৫	আল্লাহ্ শব্দের ডানে কি হরকত থাকলে মোটা করে পড়তে হয়?
উত্তর	আল্লাহ্ শব্দের ডানে (যবর / পেশ) থাকলে আল্লাহ্ শব্দ মোটা করে পড়তে হয়।
৮৬	'র' এর উপর যবর/পেশ হলে 'র' কি করে পড়তে হয়?
উত্তর	'র' মোটা করে পড়তে হয়।
৮৭	জঝম ওয়ালা 'র' এর ডানে যবর/পেশ হলে কি করে পড়তে হয়?
উত্তর	'র' মোটা করে পড়তে হয়।
৮৮	ওয়াকফ্ অর্থ কি?
উত্তর	থেমে যাওয়ার স্থান।

ক্রমিক	প্রশ্ন ও উত্তর
৮৯	আয়াতের শেষ হরফে কি ব্যবহার করতে হয়?
উত্তর	এক যবর, এক যের, এক পেশ, দুই যের, দুই পেশ, খাড়া যের, উল্টা পেশ থাকলে জঝম দিয়ে পড়তে হয়।
৯০	জঝম ব্যবহারের কারণে মাদ্দ এর হরফ হলে কি করতে হয়?
উত্তর	জঝম ব্যবহারের কারণে মাদ্দ এর হরফ হলে এক আলিফ লম্বা করে পড়তে হয়।
৯১	আয়াতের শেষে দুই যবর, খাড়া যবর হলে কি ভাবে পড়তে হয়?
উত্তর	দুই যবর, খাড়া যবর হলে এক আলিফ লম্বা করে পড়তে হবে।
৯২	আয়াতের শেষে মাদ্দ এর হরফ থাকলে পড়ার নিয়ম কি?
উত্তর	মাদ্দ এর হরফ থাকলে এক আলিফ লম্বা করে পড়তে হয়।
৯৩	আয়াতের শেষ হরফে তাশদীদ থাকলে কি করতে হয়?
উত্তর	দের হরকত পরিমাণ দেরি করতে হয়।
৯৪	আয়াতের শেষ হরফে জঝম থাকলে কি করতে হয়?
উত্তর	আয়াতের শেষ হরফে জঝম থাকলে জঝমই পড়তে হয়।
৯৫	নামাযে কুরআন পড়া কি?
উত্তর	নামাযে কুরআন পড়া ফরয।
৯৬	নামাযে ছানা, দরূদ, দু'য়ায়ে মাছুরা পড়া কি?
উত্তর	সুন্নাত।
৯৭	নামাযে তাশাহুদ পড়া কি? **উত্তরঃ** ওয়াজিব।
৯৮	বিতির নামাযে দু'য়ায়ে কুনুত পড়া কি? **উত্তরঃ** ওয়াজিব।
৯৯	যে কুরআন শিখে এবং মানুষকে শেখায় তাকে আল্লাহ্‌র নাবী কি বলেছেন?
উত্তর	সে ব্যক্তি উত্তম, যে নিজে কুরআন শিখে এবং মানুষকে কুরআন শেখায়।
১০০	বিশুদ্ধ ভাবে কুরআন শিখতে হবে কার নির্দেশ?
উত্তর	মহান আল্লাহ্‌ তায়ালার নির্দেশ, (সুরা মুযযাম্মিল-০৪)।